This is a reproduction of a library book that was digitized by Google as part of an ongoing effort to preserve the information in books and make it universally accessible.

Google books

https://books.google.com

Digitized by Google

Digitized by Google

Or.
540

A TREATISE

ON THE

LORD'S SUPPER,

WITH

Devotional Reflections.

প্রভুর ভোজন বিষয়ক প্রসঙ্গ,

এবং

তাহাহইতে উৎপন্ন ফল

Calcutta:

PRINTED AT THE BAPTIST MISSION PRESS,
For the Calcutta Christian Tract and Book Society.
1842.

A. Or. ~~287F~~
2540
Treatise

Digitized by Google

A TREATISE

ON THE

LORD'S SUPPER,

WITH

Devotional Reflections.

প্রভুর ভোজন বিষয়ক প্রসঙ্গ,

এবং

তাহাহইতে উৎপন্ন ফল।

Calcutta:

PRINTED AT THE BAPTIST MISSION PRESS,
For the Calcutta Christian Tract and Book Society.
1842.

Digitized by Google

BIBLIOTHECA
REGIA
MONACENSIS.

Digitized by Google

প্রভুর ভোজনের প্রসঙ্গ।

১ প্রথম অধ্যায়।

প্রভু নিরূপিত ভোজনের নির্ণয়।

প্রভু যীশু খ্রীষ্ট আপন মণ্ডলীর নিমিত্তে প্রভুর ভোজন বিখ্যাত যে এক চিরস্থায়ী নিয়ম নিরূপণ করিয়াছেন, তাহার বিবরণ বিস্তার করি, আপনারা মনোযোগ করুণ।

সেই নিয়মের পালন এই রূপে হয়। খ্রীষ্টীয়ান মণ্ডলীতে অধ্যক্ষ রুটী ভাঙ্গিয়া ও দ্রাক্ষারস ঢালিয়া প্রভুর মরণযন্ত্রণা স্মরণার্থে মণ্ডলীস্থ লোকদিগকে পরিবেশন পূর্ব্বক একত্র ভক্ষণ করায়। ইহাতে যে সকল ক্রিয়া, তাহা দৃষ্টান্তের স্থল হইয়াছে; কারণ সেই রুটী ও দ্রাক্ষারস প্রভু যীশু খ্রীষ্টের শরীর ও রক্তকে বুঝায়। এই উভয়েরি বিষয় বলিতেছি।

প্রথমে, সেই রুটীতে ও খ্রীষ্টের ভগ্ন শরীরেতে বড় তুলনা আছে; কারণ যেমন সামান্য রুটী আমাদের প্রাণকে স্বাভাবিক পুষ্ট ও রক্ষা করে, তেমনি প্রভু যীশু খ্রীষ্টের ভগ্ন শরীররূপ যে রুটী, সে আমাদের আত্মাকে অনন্ত কাল পর্য্যন্ত প্রতিপালন করিয়া রক্ষা করে। দেখ, খ্রীষ্ট আপনি আপন শিষ্যদিগকে বলিলেন, আমার

Digitized by Google

মাংস প্রকৃত খাদ্য; অতএব যাহারা ধর্ম্মের নিমিত্তে ক্ষুধিত হয়, তাহারা তাঁহার কাছে গেলে পারমার্থিক আহারেতে পরিতৃপ্ত হয়, কেননা যে ভক্ষ্য স্বর্গহইতে আসিয়াছে, সেই জীবনরূপ ভক্ষ্য তিনিই। এই ভক্ষ্য যে জন খায়, সে নিত্যজীবী হইবে।

এই ক্ষণে সে রুটী কি প্রকারে প্রস্তুত হইল, তাহা সংক্ষেপে বলি, শুন। তাহাতে তাহার প্রস্তুত করণেরও সামান্য রুটী প্রস্তুত করণের যে তুলনা তাহা জানিবা। দেখ, যেমন গোম রুটী পূর্ব্বে পেষণ করিয়া অগ্নিদ্বারা পক্ক হয়, সেই মত আমাদের পাপরূপ জাঁতাতে প্রভু যীশু খ্রীষ্টের শরীর বিস্তর ক্লেশ ভোগ পূর্ব্বক চূর্ণায়মান হইয়া এবং আমাদের পাপের নিমিত্তে ঈশ্বরের কোপানলে দগ্ধ হইয়া জীবনের রুটী হইল।

আরও দেখ, প্রভু যীশু খ্রীষ্টের ভগ্ন শরীরের সহিত রুটীর একটা দৃষ্টান্ত এই, যে যেমন সামান্য রুটী এক প্রকার সাধারণ আহার, অর্থাৎ সকল দেশীয় লোকের আহার, তেমনি প্রভুর ভগ্ন শরীরস্বরূপ যে রুটী, সেও সকলের আহারস্বরূপ; কেননা তিনি আপনি বলিলেন, যে রুটী আমি জগতের জীবনের নিমিত্তে দিব, সে আমার মাংস। যেমত সামান্য প্রাণ রক্ষার্থে আহারের আবশ্যক রাখে, সেই মত পরিত্রাণ পাওনার্থে খ্রীষ্টের প্রয়োজন আছে; কেননা তাঁহা ব্যতিরেকে আমরা সকলে মরি ও স্বর্গচ্যুত হই। এই পর্য্যন্ত রুটী ভাঙ্গনের বিষয় কহা গেল; পরে দ্রাক্ষারসের বিষয় কিছু কহিতেছি।

Digitized by Google

সেই দ্রাক্ষারস খ্রীষ্টের রক্তের দৃষ্টান্ত মাত্র। যেমন কোন যন্ত্রের দ্বারা দ্রাক্ষাফলহইতে রস নির্গত হয়, তেমনি আমাদের পাপের নিমিত্তে ঈশ্বরের ক্রোধরূপ কলদ্বারা প্রভুর শরীরহইতে রক্ত নির্গত হইল।

দেখ, যেমন দ্রাক্ষারস ঔষধরূপ হইয়া শরীরকে সুস্থ ও সবল করে, তেমনি প্রভুর শরীরের যে রক্ত, সেও পারমার্থিক ঔষধ হইয়া বিশ্বাসি লোকদিগকে সকল পাপরূপ রোগহইতে সুস্থ করিয়া আহ্লাদিত ও সবল করে। এই অভিপ্রায়ে প্রভু আপনি কহিয়াছেন, আমার মাংস প্রকৃত খাদ্য ও আমার রক্ত প্রকৃত পেয়। অতএব হে ভ্রাতা সকল, মন দিয়া শুন, প্রভুর ভোজনে দ্রাক্ষারসের ও রুটীর যে ভোগ তাহা পারমার্থিক ভাব জানায়; এবং তাহার স্থূলার্থও এই, যেমন আহারেতে প্রাণ রক্ষা পায়, তেমনি বিশ্বাসদ্বারা খ্রীষ্টকে গ্রহণ করাতে নরকহইতে আত্মা উদ্ধারিত হইয়া অনন্ত জীবন পায়।

সেই নিয়ম প্রভুর ভোজন নামে খ্যাত হয়, কেননা তিনি তাহার নিয়মকর্ত্তা। যিনি রাজাদের রাজা ও প্রভুদের প্রভু, ও যাঁহার নাম আশ্চর্য্য মন্ত্রী, এমন যে প্রভু যীশু খ্রীষ্ট, তিনি মণ্ডলীর মধ্যে এই বিশেষ নিয়ম নিরূপণ করিয়াছেন। ধর্ম্মশাস্ত্রে লেখে, যে রাত্রিতে খ্রীষ্ট পরহস্তগত হইলেন, সেই রাত্রিতে অন্ধকারের রাজা যে শয়তান তাহার উস্কানিতে ও ঈর্ষ্যাতে যিহূদীয়েরা মত্ত হইয়া চোর ধরিবার ন্যায় লাঠি ও বর্শা ও খড়্গ লইয়া খ্রীষ্টকে ক্রুশে হত করিতে বাহিরে আইল। তাঁহার

Digitized by Google

এই আশ্চর্য্য দুর্দ্দশার কিঞ্চিৎ কাল পূর্ব্বে তিনি নিস্তার পর্ব্ব নামে বিখ্যাত য়িহূদী লোকদের এক বিশেষ পর্ব্ব আপন শিষ্যদের সঙ্গে সমাপ্ত করিয়া, রুটী ও দ্রাক্ষারস লইয়া বিভাগ করিয়া সেই মণ্ডলীস্থিত সকল লোকদিগকে দিলেন, ও আপনার অপূর্ব্ব প্রেম স্মরণার্থে খাইতে ও পান করিতে আজ্ঞা করিলেন। "পরে তাহাদের ভোজনের সময়ে যীশু রুটী লইয়া ঈশ্বরের গুণানুবাদ পূর্ব্বক ভাঙ্গিয়া শিষ্যদিগকে দিয়া কহিলেন, এই আমার শরীর স্বরূপ, ইহা লইয়া ভোজন কর। পরে তিনি বাটী লইয়া ঈশ্বরের গুণানুবাদ করিয়া তাহাদিগকে দিয়া কহিলেন, তোমরা সকলেই ইহাতে পান কর; কারণ অনেকের পাপ ক্ষমার নিমিত্তে পাতিত যে আমার নূতন নিয়মরূপ রক্ত সে এই *।" তবে দেখ, তাহাকেই উচিত রূপে প্রভুর ভোজন কহা যায়, কারণ তিনিই সকল প্রস্তুত করিলেন; এবং পারমার্থিক জীবনের যে রুটী সেই ভোজে খাওয়া যায় তাহাও তিনি; তিনি সেই ভোজের কর্ত্তা হইয়া নিমন্ত্রিতদিগকে অভ্যর্থনা করান, এবং আপনি চর্ম্মচক্ষুর অদৃশ্য হইয়া তাহাদিগকে সান্ত্বনাপূর্ব্বক আহ্লাদিত করেন।

ঐ নিয়ম চিরস্থায়ী। প্রথমে প্রভুকর্তৃক কৃত হইয়াছিল, পশ্চাৎ তাঁহার স্বর্গরোহণের পূর্ব্বে তিনি প্রেরিত লোকদের ও মণ্ডলীর অধ্যক্ষদের প্রতি এই নিয়ম জগতের শেষ পর্য্যন্ত খ্রীষ্টীয়ান লোকদের মধ্যে পালন করিতে

* মথি ২৬; ২৬-২৮।

Digitized by Google

দৃঢ় রূপে আজ্ঞা দিয়াছিলেন। অতএব যখন পৌল প্রেরিত করিন্থ নগরে স্থাপিত মণ্ডলীর লোকের প্রতি পত্র পাঠাইলেন, তখন প্রভুর ভোজন নিয়মের বিষয়ে এই মত লিখিলেন, যথা,

আমি প্রভুহইতে প্রাপ্ত যে উপদেশ তোমাদিগকে দিয়াছি, তাহা এই। পরহস্তগত হওনের রাত্রিতে প্রভু যীশু রুটী লইয়া ঈশ্বরের ধন্যবাদ করিয়া তাহা ভাঙ্গিয়া কহিলেন, ইহা লইয়া ভোজন কর, তোমাদের নিমিত্তে আমার ভগ্ন শরীরস্বরূপ এই রুটী, আমাকে স্মরণ জন্যে ইহা ভোজন কর। এবং রাত্রিভোজনের পর তেমনি পানপাত্র লইয়া করিলেন, 'আমার রক্তের দ্বারা স্থিরীকৃত নূতন নিয়মস্বরূপ এই পাত্র; তোমরা যত বার পান কর, তত বার আমার স্মরণের জন্যে করিও। যত বার তোমরা এ রুটী ভোজন কর এবং এই পাত্রে পান কর, তত বার প্রভুর আগমন পর্য্যন্ত তোমরা তাঁহার মৃত্যু প্রকাশ করিতেছ *।

তবে বুঝিয়া দেখ, যখন খ্রীষ্টীয়ান লোকেরা প্রভুর ভোজন করে, তখন তাহারা লোকদিগকে কি দেখায়? না তাহারা যে অন্য সকল উপায় ছাড়িয়া খ্রীষ্টের মরণেতে পরিত্রাণের সকল ভরসা রাখে, ইহা দেখায়।

আর তাহারা খ্রীষ্টকে আপন প্রভু করিতে স্বীকার করে, এবং আপনাদিগকে বিশ্বস্ত ও আজ্ঞাবহ দাসরূপে জীবন পর্য্যন্ত তাঁহার হস্তে সমর্পণ করে; অতএব হে

* করিন্থীয় ১১; ২৩।

Digitized by Google

ভ্রাতারা, বুঝিয়া দেখ,প্রভুর ভোজন করা কি? না খ্রীষ্টের কাছে তাঁহার বশীভূত হওনের দিব্য করা। যেমন রোমীয় সৈন্যেরা আপনাদের সেনাপতির কাছে বিশ্বস্ত হইবার নিমিত্তে দিব্য করিত, যে আমরা প্রাণপণ করিয়াও তোমার বশীভূত থাকিব; তদনুসারে খ্রীষ্টীয়ান লোকেরা পাপ ও শয়তানাদি খ্রীষ্টের যত শত্রু, তাহাদের সহিত অনবরত যুদ্ধ করিতে, এবং তাঁহার পক্ষে নিরন্তর থাকিতে স্বীকার করে। তবে দেখ, যাহারা খ্রীষ্টীয়ান নাম সত্যরূপে ধরে, তাহারা এই নিয়ম ভাঙ্গিতে বড় ভীত হয়; কেননা সামান্য মিথ্যা দিব্য করা যে সেও ভয়ঙ্কর, কিন্তু যাহারা খ্রীষ্টের মণ্ডলীর মধ্যে প্রবেশ করিতে ঈশ্বরকে সাক্ষী করিয়াছে, তাহারা পরমব্রহ্মের নিকটে যীশু খ্রীষ্টের বিশ্বস্ত দাস থাকিতে স্বীকার করিয়াছে। অতএব তাহাদের মধ্যে যাহারা অযোগ্য রূপে অর্থাৎ কাল্পনিক হইয়া প্রভুর ভোজন করে, তাহারা আপনারা আপনাদের দণ্ডার্থে ভোজন করে।

প্রার্থনা।

হে দয়াময় পরমেশ্বর, তুমি আপন আশ্রিত লোকদিগকে সুউপদেশ ও সান্ত্বনা দিবার জন্যে মণ্ডলীর মধ্যে যে নিয়ম করিয়াছ, তন্নিমিত্তে স্তব স্তুতি পূর্ব্বক তোমার ধর্ম্মনামের ধন্যবাদ হউক। আমরা সকলে তোমার বিষয়ে নিতান্ত অজ্ঞান ছিলাম, এবং পাপ ও শয়তানের বশীভূত হইয়া অন্যদের মত দণ্ডকোপের সন্তান ছি-

Digitized by Google

নাম, এবং পাপেতে ও অপরাধেতে মৃত ছিলাম। কিন্তু তুমি দয়ানিধি অনুগ্রহের দ্বারা এই দুর্দ্দশাহইতে আপন লোকদিগকে বাঁচাইয়াছ, এবং যীশু খ্রীষ্টের সহিত এক স্বর্গীয় স্থানে বসতি করাইয়াছ। দীন হীন নিষ্ঠুর পাপকারী যে আমরা, আমাদিগকে পরিত্রাণ করিতে আপন অদ্বিতীয় পুত্রকে জগতে পাঠাইয়াছ, এই হেতুক আমরা সর্ব্বান্তঃকরণের সহিত তোমাকে ভজনা করি। তোমার এই আশ্চর্য্য পরিত্রাণ বিষয়ক অমৃত কথা শুনিবার পূর্ব্বে আমরা সকলেই শারীরিক কাম ক্রোধ ইত্যাদি পাপেতে আশক্ত হইয়া খ্রীষ্ট রহিত, ও স্বর্গরাজ্যের মণ্ডলীহইতে পরদেশী, ও তোমার নিয়মের বহির্ভূত, ভরসা হীন, এবং ঈশ্বর বর্জিত ছিলাম; কিন্তু ধন্য তোমার নাম, পূর্ব্বে দূরবর্ত্তী ছিলাম যে আমরা, আমাদিগকে তুমি প্রভু যীশু খ্রীষ্টের মরণদ্বারা আপনার নিকট আনিয়াছ।

এবং আমাদের বিশেষ আনন্দের কারণ এই যে খ্রীষ্ট আমাদিগকে এত প্রেম করিলেন, যে তিনি স্বর্গীয় সুখ ছাড়িয়া পাপি লোকের জন্যে এই কুৎসিত জগতে আসিয়া বলিরূপ হইয়া আপন প্রাণ দিলেন, এবং আমাদের জীবনের রুটী হওনার্থে ঈশ্বরের ক্রোধরূপ কলেতে আপনার শরীর চূর্ণায়মান হইতে দিলেন। এ কি আশ্চর্য্য প্রেম! হে ধন্য যীশু, আমাদের প্রতি কৃপাবলোকন কর, পাপের মার্জ্জনার নিমিত্তে যেন আমরা শীঘ্র তোমার আশ্রিত হই। যাহাতে সকল পাপ ও অপবিত্রতা নষ্ট হয়,

Digitized by Google

এমন এক উনুইস্বরূপ তোমার বহুমূল্য রক্ত হইয়াছে। ও হে দয়ালু ত্রাণকর্ত্তা, আমাদের আত্মার মালিন্য এই নির্ম্মল ইনুইতে ধুইয়া ফেল, তাহাতে আমরা বরফহইতে শুক্লবর্ণ হইব। ওহে দয়ালু প্রভো, আমাদের জন্যে তোমার শরীর যে ভগ্ন ও বিদ্ধ হইল, তাহা আমাদিগকে খেদ পূর্ব্বক স্মরণ করিতে দেও। ও হে ধন্য যীশু, সকল পাপ-হইতে আমাদিগকে উদ্ধার কর, তোমার অধিকার আমাদের অন্তঃকরণের মধ্যে স্থাপন কর। আমাদের তাবৎ চিন্তা ও কথা ও ক্রিয়া সর্ব্বদা তোমার বশ হইয়া থাকুক, তাহাতে আমরা অবশেষে স্বর্গে বাস করিবার জন্যে প্রস্তুত হইতে পারিব।

হে স্বর্গস্থ পিতঃ, আমাদিগকে ছাড়িও না, কিন্তু প্রবোধকর্ত্তা পবিত্র আত্মাকে আমাদের নিকটে নিরবধি থাকিতে পাঠাইয়া দেও। ওহে ধন্য পরমাত্মা, আমাদিগেতে নির্ম্মলান্তঃকরণ সৃষ্টি কর, ও শুদ্ধাত্মা আমাদের মধ্যে রাখ। ওহে পরমেশ্বর, খ্রীষ্টের প্রতি আমাদের প্রত্যয় বাড়াইয়া দেও; যে প্রেম পূর্ব্বক তাঁহার মরণ হইল, সে যেন আমাদের অন্তঃকরণে সদা সর্ব্বক্ষণ থাকে। এই সকল বর আমাদের ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্টের নামে যাচ্ঞা করি। আমেন।

দ্বিতীয় অধ্যায়।

প্রভুর ভোজন রূপ নিয়মের অভিপ্রায়।

সে ভোজনের নিয়ম প্রভু যীশু খ্রীষ্টের মরণযন্ত্রণা স্মর-

Digitized by Google

নার্থে আমাদের পরিত্রাণের নিমিত্তে নিরূপিত হইয়াছিল। ইহাতে আমরা বিশ্বাস দ্বারা ঊর্দ্ধেতে টাঙ্গান ও রক্তপাত যুক্ত প্রভু যীশু খ্রীষ্টকে দেখিতে পাই, কারণ ধর্ম্মশাস্ত্রে লেখে যে সেই ক্রিয়ার দ্বারা প্রভু খ্রীষ্ট ক্রুশেতে লুণ্ঠিত হইয়া পাপের নিমিত্তে মরণাপন্নের ন্যায় আমাদিগের মধ্যে ব্যক্ত রূপে প্রকাশিত হইয়াছেন। সেই নিয়ম পালন করাতে অতি মহাপ্রায়শ্চিত্তকারী যে প্রভু যীশু খ্রীষ্ট, তিনি যে নিতান্ত হত হইলেন, এমত বোধ হয়; এবং ভগ্ন রুটী যে সে কোড়া মারাতে ও লোক সমূহের নির্দ্দয় ব্যবহারেতে ক্ষত বিক্ষত ও উবড় খাবড়া, এবং কাঁটা ও প্রেক ও বর্শাতে বিদ্ধ তাহার শরীরকে দেখায়। তবে আইস, তাঁহার উপরে যে সকল বহুবিধ বিড়ম্বনা একত্র হইয়া আসিয়াছে, তাহা আমরা দেখি; এবং তন্নিমিত্তে তাঁহার অসংখ্য মনের বেদনা স্মরণ করি। হে ভাই সকল, তাঁহারু পশ্চাদ্গামী যে তোমরা, তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া দেখ, যে তাঁহার দুঃখের তুল্য আর কি দুঃখ আছে? সিপাহি বর্শা দিয়া তাঁহার যে বক্ষস্থল বিঁধিয়াছে, এবং সেই স্থানহইতে যে বহুমূল্য রক্তের ধারা বহিতেছে, তাহা দেখ। তাঁহার এই অত্যন্ত যন্ত্রণাদায়ক মৃত্যু প্রভুর ভোজনেতে স্মরণ করা উচিত, কেননা সেই মৃত্যু আমাদের পাপের প্রায়শ্চিত্ত হওনার্থে হইয়াছিল; কিন্তু বিশেষ রূপে তাঁহাকে স্মরণ করিতে হইবে, যে তিনি আমাদের পাপরূপ ভার আপনি বহন করিয়া মরণের দ্বারা তাহা দূর করিলেন।

Digitized by Google

শাস্ত্রে বলে, যে পাপের প্রায়শ্চিত্ত করিবার নিমিত্তে তাঁহার প্রাণ বলির ন্যায় উৎসৃষ্ট হইল। তিনি নিষ্পাপী হইয়া আমাদের কারণ পাপী রূপে গণিত হইলেন, অতএব প্রভু যীশু খ্রীষ্ট মরণের দ্বারা আমাদিগের পাপ বহিয়া লইয়া গিয়াছেন, সেই মত আমাদিগকে তাঁহাকে দেখিতে হইবে। তবে বুঝিয়া দেখ, আপনার মরণ ও তৎসংযুক্ত তাবৎ মঙ্গল বিষয় জানাইবার জন্যে প্রভু যীশু খ্রীষ্ট এই নিয়ম নিরূপণ করিয়াছেন। অতএব আইস, আমরা মনোযোগ পূর্ব্বক তাঁহার মৃত্যুর বিবেচনা করিয়া পরমেশ্বর যে ন্যায়কারী, ইহার প্রমাণ উদ্দেশ পাইতে যত্ন করি।

তিনি উপযুক্ত প্রায়শ্চিত্ত ব্যতিরেক পাপি লোকদিগকে কদাচ মুক্ত করেন না, ইহা শাস্ত্রীয় এবং অন্য২ অনেক স্পষ্ট দৃষ্টান্তদ্বারা তিনি দেখাইয়া দেন। দেখ, ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করণেতে পাপ হয়; পাপ ঈশ্বরের বিরুদ্ধে হওয়া প্রযুক্ত অপরিমিত অপরাধ হইয়াছে; পরমেশ্বর ন্যায়বিচারকর্ত্তা হইয়া আপনার স্বধর্ম্ম নিত্য রাখিবার নিমিত্তে অপরিমিত প্রায়শ্চিত্ত না পাইলে অপরিমিত পাপ মার্জ্জনা করিতে পারেন না। অপরিমিত প্রায়শ্চিত্ত করিতে স্বর্গে কিম্বা পৃথিবীতে খ্রীষ্ট ব্যতিরেকে আর কাহাকেও পাওয়া যায় না। তিনিই শাস্ত্রে বলেন, "আমি দৃষ্টি করিলাম, কেহ উপকারী নাই;" অতএব যে সময়ে পরমেশ্বর ন্যায়বান্ প্রযুক্ত পাপি লোকদের দণ্ড দিতে প্রস্তুত ছিলেন, এবং আপনার ন্যায় নিত্য রাখিবার

Digitized by Google

নিমিত্তে, পাপী যে আমরা আমাদিগকে মৃত্যু পর্য্যন্ত পুহার করিবার জন্যে হস্ত বিস্তার করিলেন, এবং শয়তান ঘোর নরকের মধ্যে আমাদিগকে ঠেলিয়া ফেলিবার নিমিত্তে উদ্যত ছিল, তৎকালে প্রভু যীশু খ্রীষ্ট অসংখ্য প্রেম প্রযুক্ত করুণা করিয়া অপরাধির ও বিচারকর্ত্তার মধ্যে মধ্যস্থ হইয়া এই নিবেদন করিলেন, গর্ত্ত অর্থাৎ নরক কুণ্ডহইতে উহাদিগকে উদ্ধার করুন, আমি উহাদের প্রায়শ্চিত্তস্বরূপ হইব। তাহাতে তিনি সেই আঘাত পাইয়া আপন শরীরে আমাদের পাপ ভোগ করিলেন, কারণ শাস্ত্রানুসারে পাপের নিমিত্তে মরণের আবশ্যক ছিল।

১ অতএব সকলে নিকটে আসিয়া প্রভু যীশুর মরণেতে পরমেশ্বরের ন্যায়বিচারের প্রকাশ দেখুক। পাপরূপ ঋণের পরিশোধ পরমেশ্বরের নিকটে করা আবশ্যক ছিল, এবং যাঁহা ব্যতিরেকে তাহা হয় না, সেই তাঁহার অদ্বিতীয় জাত পুত্র, তাহার পরিশোধ করিতে অঙ্গীকার করিলেন। তন্নিমিত্তেই তিনি মনুষ্যদেহ ধারণ করিয়া তেত্রিশ বৎসর পর্য্যন্ত দুঃখ শোক ক্লেশ ভয় তাড়না ইত্যাদি নানা প্রকার যন্ত্রণা ভোগ করিয়া অবশেষে প্রায়শ্চিত্তার্থে আপনার প্রাণ উৎসর্গ করিলেন। পরমেশ্বর আমাদের অপরাধ তাঁহার উপর রাখিলেন, এবং যে ভার জগতের পাপি লোকদিগকে অনন্ত নরকে ডুবাইত, সেই ভার তিনি আপনি বিস্তর ক্লেশ ভোগপূর্ব্বক বহিলেন। তবে দেখ দেখি পরমে-

Digitized by Google

ঈশ্বরের কেমন ন্যায় বিচার! অপরিমিত পাপের অপরিমিত প্রায়শ্চিত্ত না হইলে তিনি কোন প্রকারে ক্ষমা করিবেন না। তাঁহার প্রিয় পুত্র আমাদিগের প্রতিনিধি হইলে তিনি তাঁহাকে রক্ষা না করিয়া আমাদের সকল পাপের ফল তাঁহাকে ভোগ করাইলেন। ওহে, যে ক্রোধের ভার পরমেশ্বরের অদ্বিতীয় জাত পুত্রকেও মৃত্যু পর্য্যন্ত নত করিল, তাহা আমরা কেমন করিয়া সহিতে পারিতাম?

২। তবে এইক্ষণে খ্রীষ্টের মরণে ঈশ্বরের যে কত প্রেম তাহা দেখ। তাঁহাতে বিমুখ যে আমরা, আমরাই তাঁহার রাজত্বের বিরুদ্ধে কর্ম্ম করিয়া আজ্ঞা লঙ্ঘনরূপ পাপগ্রস্ত হইয়া তাঁহার নিতান্ত ক্রোধপাত্র হইলাম, তাহাতে তিনি ন্যায়ানুসারে আপনার ক্রোধ প্রযুক্ত পাপি লোকদিগকে অশেষ নরকের নীচে ফেলিতে পারিতেন। কিন্তু এ কি আশ্চর্য্য! ঐ অনন্ত সর্ব্বনাশ-হইতে উদ্ধারের নিমিত্তে তিনি একটি উপযুক্ত প্রায়শ্চিত্ত যোগাইয়া দিয়াছেন। হে প্রিয় পাঠকেরা, এই আশ্চর্য্য কথা মন দিয়া শুন ও অন্তঃকরণে তোলা পাড়া কর, কেননা "ঈশ্বর জগতের প্রতি এমন দয়া করিলেন, যে আপনার অদ্বিতীয় পুত্রকেই প্রদান করিলেন*।" ঈশ্বর জগৎকে এই মত প্রেম করিলেন, সে কেমন? না তিনি স্বর্গের প্রধান দূতকে রক্তপাত করিয়া মরিতে পাঠাইলেন, তাহা নয়, কিন্তু আপন অদ্বিতীয় জাত পুত্রকে,

* যোহন ৩; ১৬।

Digitized by Google

"তাহাতে যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হইয়া অনন্ত পরমায়ু পাইবে *।" যে সময়ে ইব্রাহীম্ আপন পুত্ররূপ বলি ঈশ্বরকে দিতে প্রস্তুত ছিল, এমন সময়ে আকাশহইতে পরমেশ্বরের দূত তাহাকে কহিলেন, তুমি ঐ বালকের প্রতি কিছুই করিও না, কেননা ঈশ্বরের প্রতি তোমার ভয় (ও প্রেম) আছে, ইহা এখন বুঝিলাম। তবে দেখ দেখি আমরা কত অধিক রূপে বলিতে পারি, যে পরমেশ্বর আমাদিগকে প্রেম করেন! কেননা তিনি আমাদের মঙ্গলদায়ক বলিদানার্থে আপন প্রিয়তম পুত্রকে পাঠাইয়া দিয়াছেন।

৩। খ্রীষ্টের প্রেম কি পর্য্যন্ত, তাঁহার ক্লেশকর মরণেতেই তাহা বুঝিয়া দেখ; তাহা কি বুদ্ধির অগম্য নয়? এবং এই প্রেমের তুল্য ব্রহ্মাণ্ডের মধ্যে কি আর প্রেম আছে? কুত্রাপিও নাই। শাস্ত্রে বলে, যে সে জ্ঞানের অগম্য। খ্রীষ্ট স্বয়ং ঈশ্বর হইলেও আমাদের ত্রাণার্থে "আপনাকে ক্ষুদ্র করিয়া মনুষ্য বেশ ধারণ করিয়া দাস রূপী হইলেন †। এ কেমন আশ্চর্য্য! সর্ব্বশক্তিমান্ সৃষ্টিকর্ত্তা আপনার স্বর্গীয় তেজোময় সিংহাসন ছাড়িয়া অবতীর্ণ হইয়া মনুষ্যদের মধ্যে বাস করিলেন। খ্রীষ্টকর্ত্তৃক আমাদের যে ত্রাণের উপায় তাহা স্বর্গদূতেরা দেখিতে২ চমৎকৃত হইল। তাহারা যদি তাহা দেখিয়া আশ্চর্য্যে মগ্ন হইল, তবে আমাদের কত আশ্চর্য্য জ্ঞান করা

* যোহন ৩; ১৬।

† ফিলি ২; ৭।

Digitized by Google

উচিত! কেননা তিনি দূতদিগকে ত্রাণ করণার্থে না আসিয়া আমাদিগকে ত্রাণ করিতে আসিয়াছেন।

আরও দেখ; যে কালে তিনি আমাদের জন্যে মরিলেন, সে কালের বিষয়ে বিবেচনা করিলে তাঁহার প্রেমের বাহুল্য জানা যায়; কেননা যে সময়ে তিনি এত অনুগ্রহ করিয়াছেন, তৎকালে আমরা প্রেমকারী ও বিশ্বস্ত এবং সম্পূর্ণ রূপে আজ্ঞাবহ ছিলাম, তাহা নয়; বরঞ্চ যখন আমরা কুকার্য্য করাতে শয়তানের ও কামাদির দাস এবং ঈশ্বরের প্রধান শত্রু ও শক্তিহীন ছিলাম, তখন তিনি অনুগ্রহ প্রকাশ করিলেন। দেখ, পরমেশ্বরের প্রতি আমাদের প্রেমের লেশও ছিল না, আর তাঁহার অনুগ্রহ পাইতে শক্তিও নাই, এবং ইচ্ছাও নাই; এই মত দীনহীন যে আমরা, আমাদিগকে অনন্ত বিপদহইতে উদ্ধার করিতে তিনি আপনি মরিলেন। আমরা পাপেতে হারাণ গিয়াছিলাম, এবং আমাদের ইহকালে দুঃখ ও পরকালে অশেষ বিড়ম্বনার অধিকার ছিল। আমাদের প্রতি তাঁহার প্রেম থাকা প্রযুক্ত তিনি স্বর্গহইতে নামিলেন, এবং তিনি সেই প্রেমপ্রযুক্ত আমাদের প্রতিনিধি হইয়া এত দুঃখ সহিতে প্রবৃত্ত হইলেন; এবং তিনি শান্তি পাইবার জন্যে আমাদের প্রাণের পরিবর্ত্তে আপনার প্রাণ দান করিলেন। ঈশ্বরের ক্রোধেতে পূর্ণ যে বাটী আমাদের পানযোগ্য ছিল, তাহা সমস্ত তিনি আপনি পান করিলেন, তাহাতে পরিত্রাণ রূপ বাটী আমাদিগকে দত্ত হইল। এমন প্রেমকারি ত্রাণকর্ত্তাকে যেন আমরা

Digitized by Google

কখনো বিস্মৃত না হই, কেননা আমরা ঈশ্বরের ক্রোধ-রূপ পাত্র এবং নারকী ও শয়তানের দাস, কিন্তু ঐ পরমবন্ধু আমাদিগকে এই দুর্দ্দশাহইতে রক্ষা করিয়া ঈশ্বরের পোষ্যপুত্রের উচ্চপদে নিযুক্ত করিলেন।

আইস, ভাই, খ্রীষ্টের মরণেতে মনোযোগ করিয়া পাপের দুষ্টতা কিপর্য্যন্ত তাহা দেখি। পাপি লোকের প্রতি যে সকল বিপদ ঘটে, সেই সকলেতে পাপের নষ্টতা দেখা যায়; কিন্তু খ্রীষ্টের মরণেতে বিবেচনা করিলে সে সকল নষ্টতাকে অতি তুচ্ছ বিষয় বোধ হয়; কেননা খ্রীষ্টের মরণে তাহা অধিক রূপে দেখা যায়। নোহ ও তাঁহার পরিজন ব্যতিরেকে পরমেশ্বর জগতিস্থ তাবৎ লোকদিগকে পাপ প্রযুক্ত জলপ্লাবন দ্বারা নষ্ট করিলেন; আর সিদোমাদি সহরস্থ পাপি লোকদিগকে স্বর্গহইতে সগন্ধক অগ্নি বৃষ্টিদ্বারা নিপাত করিলেন; আরও পাপ প্রযুক্ত পরমেশ্বর জগতে লোক-দিগকে বহুবিধ বিড়ম্বনা দিয়াছেন বটে। ইহাতে পাপের যে সকল নষ্টতা বোধ হয়, তাহাহইতে খ্রীষ্টের আর্ত্ত-স্বরেতে ও নেত্রজলেতে প্রার্থনা কাকুতি মিনতিতে, এবং তাঁহার মরণের যন্ত্রণাতে পাপের ঘোরতর ভয়ানক দুষ্টতা স্পষ্ট রূপে দেখা যায়। যাহাতে আমরা পাপের ভয়ানক আকার দেখিতে পাই, খ্রীষ্টের মরণযন্ত্রণা এমন এক আয়না স্বরূপ হইয়াছে।

হায়২ পাপের গুণ কত পর্য্যন্ত মন্দ, যে তাহার ভার সহাতে ঈশ্বরের অদ্বিতীয় জাত পুত্রের মনেতে আশঙ্কা

Digitized by Google

ও ঘোর অন্ধকার, এবং অসংখ্য ব্যথা এমন পীড়া হইয়াছিল, যে তাঁহার ধন্য শরীরহইতে ঘর্ম্মের ন্যায় বড়২ রক্তের ফোঁটা টস্‌টস্‌ করিয়া ভূমিতে পড়িতে লাগিল, এবং পাপ প্রযুক্ত তিনি মরণাপন্নের ন্যায় অত্যন্ত বেদনাকুল হইলেন। পাপের নিমিত্তে তিনি অতিশয় বেদনাকুল হইয়া ঈশ্বরের কাছে এই প্রার্থনাও করিলেন, হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, তুমি কেন আমাকে পরিত্যাগ কর? আরও পাপের জন্যে তিনি মাথা নোয়াইয়া প্রাণত্যাগ করিলেন। তবে আইস ভাই, আমরা আপনাদের পাপের প্রায়শ্চিত্তকারি প্রভু যীশু খ্রীষ্টের প্রেমের প্রেমী হইয়া প্রত্যেক পাপের সঙ্গে প্রতি দিন যুদ্ধ করি।

অপর প্রভুর ভোজনের যে নিয়ম নিরূপিত হইয়াছে, সে তাঁহার পুনরাগমনের স্মরণার্থক। যত বার সেই নিয়মের পালন হয়, তত বারই তাঁহার ঐ আগমনের প্রকাশ হয়। আমাদের চর্ম্মচক্ষুর অদৃশ্য পরম বন্ধু খ্রীষ্ট সেই নিয়ম তাঁহার স্মরণার্থক, আর তাঁহার দ্বিতীয় বার আগমনের নিশ্চয় অন্তঃকরণে রাখিবার জন্যে একটা নিদর্শন; তাহাতে খ্রীষ্টের পথাবলম্বিরা তাঁহার দ্বিতীয় বার আগমন পর্য্যন্ত নিয়মানুসারে তাঁহার মৃত্যু প্রকাশ করে।

প্রভু যীশু খ্রীষ্ট স্বর্গে গিয়াছেন বটে, তত্রাপি তিনি আপন প্রিয় পাত্রদিগকে আপনার সেই অতি উত্তম বাস-স্থানে লইবার নিমিত্তে পুনর্ব্বার এই জগতে আসিবেন, ইহা

Digitized by Google

তিনি আমাদের স্থানে প্রতিজ্ঞা করিয়াছেন। তাঁহার এই জগৎহইতে যাওনের কিঞ্চিৎ কাল পূর্ব্বে তিনি আপনার দুঃখি শিষ্যদিগকে এই অমৃত কথা কহিলেন, ওহে তোমাদের জন্যে স্থান প্রস্তুত করিতে যাই। অতএব যত বার আমরা প্রভুর ভোজনে ভগ্ন রুটী ও দ্রাক্ষারস লই, তত বার আমাদের এই স্মরণ করা উচিত, যে আমরা অতি শীঘ্র নর অবতার যে প্রভু যীশু খ্রীষ্ট তাঁহার চিহ্ন আকাশে দেখিতে পাইব; কেননা তিনি কোটি২ বরং অসংখ্য স্বর্গ দূতেতে বেষ্টিত হইয়া স্বপরাক্রমে মহাতেজে আকাশের মেঘে আরূঢ় হইয়া আসিবেন। যখন তিনি পৃথিবীতে ছিলেন, তখন তিনি প্রেক আর কাঁটাতে বিদ্ধ হইলেন, এবং বর্শাতে তাঁহার কুক্ষিদেশ ফোঁড়া গেল; কিন্তু পুনরাগমন সময়ে তিনি মধ্যাহ্নসূর্য্যের মত তেজোময় হইয়া আসিবেন। তাঁহার শত্রু সকল ত্রাসান্বিত হইয়া তাঁহাকে দেখিবে, কারণ তিনি আপনার মুখহইতে ও তেজোময় শক্তিহইতে তাহাদিগকে অনন্ত নাশের দণ্ডে মগ্ন করিতে প্রজ্বলিত অগ্নিতে তাহাদের স্থানে প্রকাশিত হইবেন। তৎকালে তাঁহার আশ্রিত লোক সকলের বড় আহ্লাদ হইবে, কেননা তাহারা আপন প্রভু ত্রাণকর্ত্তাকে দেখিবে, এবং তিনি তাহাদের সহিত পুশংসিত ও মান্যমান হইতে তাহাদিগকে দেখা দিবেন, এবং তাহারা তাঁহার তুল্যও অসীম মর্য্যাদা বিশিষ্ট হইয়া তাঁহার সঙ্গে স্বর্গে যাইবে। অতএব এই বাক্যেতে আমরা পরস্পর সান্ত্বনা করি, এবং প্রভু

Digitized by Google

যীশু খ্রীষ্টের দ্বিতীয় বার আগমন নিত্য ২ অন্তঃকরণে স্থাপন করি।

প্রার্থনা।

হে ধার্ম্মিক ও হে দয়ালু প্রভো, আমাদের সান্ত্বনা-দায়ক যে নিয়ম তুমি প্রকাশ করিয়াছ, সেই নিয়মের সকল ফল ভোগ করিবার জন্যে আমাদের অন্তঃকরণকে প্রস্তুত কর। আমরা এই অনুগ্রহ পাইবার যোগ্য নহি, ইহা আমরা স্বীকার করি, কেননা তোমার সকল প্রকার দয়া ও অনুগ্রহ ইত্যাদি তুচ্ছ জ্ঞান করিয়া আপন ইচ্ছানুসারে চলিয়াছি; কিন্তু এইক্ষণে আমরা পাপের জন্যে খেদ পূর্ব্বক তোমার নিকটে ফিরি। ও হে ঈশ্বর, দয়া করিয়া খ্রীষ্টের মরণ প্রযুক্ত আপনার অনুগ্রহেতে আমাদিগকে গ্রহণ কর। ও হে করুণানিধে, খ্রীষ্টের মরণযন্ত্রণা স্মরণ করিতে আমাদের অন্তঃকরণ দেও, কেননা তাহাতে আমাদের আত্মার ত্রাণ। হে ধন্য যীশু, তুমি জীবনের রুটীস্বরূপ, তাহা যে কেহ বিশ্বাসদ্বারা ভোজন করে, সে নিত্যজীবী হইবে। হে দয়াময় যীশু, বহুকাল পর্য্যন্ত আমরা জগতের ক্ষয়ণীয় বৃথা সুখ ভোগ করিয়াছি; কিন্তু এইক্ষণে আমরা যেন তোমার অনুগ্রহেতে সেই পারমার্থিক আহার ভোগ করিয়া পরিতৃপ্ত হই। ক্রুশেতে তোমার মরণে যে অসীম দয়া ও প্রেম প্রকাশিত হয়, হে যীশু, তাহা আমাদিগকে কখনো ভুলিতে

Digitized by Google

দিও না। তুমি আমাদিগকে স্বর্গে উঠাইবার নিমিত্তে আপনি স্বর্গহইতে নামিতে এবং আমাদের অপরাধ বহিতে সম্মত হইয়াছ। ও হে প্রিয় ত্রাণকর্ত্তা, তোমাকে স্মরণ না করিয়া সংসারের সুখাদিতে আসক্ত হওয়াতে যে পাপ, সে সকল দয়া করিয়া মার্জনা কর। হে পবিত্র আত্মা, পাপের নষ্টতা ও খ্রীষ্টের সৌন্দর্য্য দেখিতে আমাদের মনঃস্বরূপ চক্ষুঃ প্রকাশ কর তাহাতে আমরা পাপে ঘৃণা করিয়া খ্রীষ্টেতে প্রেম করিব; এবং খ্রীষ্টের উপদেশে অনবরত থাকিব। এই বর তোমার কাছে তাঁহার নামে প্রার্থনা করি, আমেন।

৩ তৃতীয় অধ্যায়।

প্রভুর ভোজনের ফল।

১। পরস্পর প্রেমকারি ভ্রাতৃবর্গের সঙ্গের ন্যায় হইয়াছে খ্রীষ্টীয়ানদের সঙ্গ; তাহারা সকলে স্বর্গাধিকারী, এবং এক সমান মঙ্গল প্রাপ্ত, কেননা তাহারা সকলে পুনর্জ্জন্মদ্বারা ঈশ্বরকর্ত্তৃক পোষ্যপুত্রত্ব পদ পাইয়াছে। এবং এই প্রেমরূপ মহোৎসবেতে তাহারা সকলে একত্র হইয়া বৈসে, এবং একই পারমার্থিক ভক্ষ্য সকলে খায়, একই পারমার্থিক পেয় সকলে পান করে। তাহারা এক রক্তেতে ক্রীত হইয়া এক অনুগ্রেহের অংশী হয়; তাহারা এক পথের পথিক, ও এক স্থানের যাত্রিক, এবং এক অধিকারের অধিকারী হয়। অপর তাহাদিগের এক আহ্বান, এক প্রত্যয়, এক ভরসা, ও তাহারা

Digitized by Google

এক ধর্ম্মের চিহ্নে অঙ্কিত হয়; অতএব যেমন এক ব্যক্তির পুত্রেরা ভিন্ন২ দেশনিবাসী হইলেও সকলে তাহার উত্তরাধিকারী থাকে। তেমনই প্রকৃত খ্রীষ্টীয়ান লোকেরা সমস্ত জগতের উপরে ভিন্ন২ নিবাসী হইলেও খ্রীষ্টেতে এক থাকে। এবং এই ভাব ধর্ম্মশাস্ত্রে স্পষ্ট রূপে দেখা যায় যথা, ইহাতে তোমরা যিহূদী হও, কি যূনানী হও, এবং মুক্ত হও কি বন্দী হও; আর স্ত্রী হও; কি পুরুষ হও; তোমাদের পরস্পর কোন বিশেষ নয়, যীশু খ্রীষ্টে আশ্রিত হওয়াতে তোমরা সকলে এক *।" এই সকল পূর্ব্বোক্ত কথা আলোচনা করিলে প্রভুর ভোজনে ভ্রাতৃপ্রেমের অনেক প্রকার বৃদ্ধি হয়, কেননা তাহারা পারমার্থিক ভাবে সকলেই এক। এবং অতি অল্প কালের পরে ঐহিকের ভেদ সকল তাহাদের ঘুচিয়া স্বর্গের অনন্ত সুখেতে একত্র নিবাস হইবে।

২। ঈশ্বর ও খ্রীষ্টের সহিত তাহাদের সঙ্গ। এই জন্যে পৌল্ বলিলেন, আমরা "যে আশীর্ব্বাদরূপ পাত্রের ধন্যবাদ করিতেছি, তাহাতে কি আমরা খ্রীষ্টের রক্তের সহভাগী নহি? এবং যে রুটী ভাঙ্গিতেছি, তাহাতে কি আমরা খ্রীষ্টের শরীরের সহভাগী নহি?" *। প্রভুর ভোজন করাতে স্পষ্টরূপে দৃশ্য হয়, যে পিতা পরমেশ্বর আর তাঁহার পুত্র তাহাদের সঙ্গে অদৃশ্য রূপে সেই স্থানে থাকিয়া এই অমৃত কথা বলেন, যে হে বন্ধুরা, তোমরা

* গল ৩; ২৮।
* ১ করিন্থ ১০; ১৬।

Digitized by Google

ভোজন কর; হে পিয়েরা, তোমরা পান কর। এই মধুর কথাতে তাহাদিগের অন্তঃকরণের দুর্ভাবনা সকল দূর হয়, আর তাহারা প্রত্যেক জন আপনার জন্যে কহে, হে পরমেশ্বর, আমি তোমার দাস, আমি তোমার দাস, কেননা তুমি আমার বন্ধন মোচন করিয়াছ। এই রূপে দয়ালু ত্রাণকর্ত্তা আপনার নিয়মরূপ ভোজনে প্রিয় পাত্রদের অন্তঃকরণে সান্ত্বনা দেন, কেননা তাহাতে তাঁহার মরণের এই সকল অমূল্য ফল তাহাদের জন্যে আছে, এইটিই তিনি বিশেষ রূপে জানান। সে ফল কি প্রকার, তাহা মনোযোগ করিয়া শুন।

(১) পাপের মার্জ্জনা। এই হইয়াছে অমূল্য ফল, বরঞ্চ সকল হইতে সারাৎসার; কেননা সে ঈশ্বরের সহিত আমাদিগকে মিলাইবার পথ খুলিয়া দেয়, এবং তাহাতে আমাদের আশীর্ব্বাদ পাইবার উপায় হয়। দেখ, পাপ হইয়াছে আবর্ত্তন রূপ দেয়াল, সে আমাদিগকে ঈশ্বর-হইতে বিভিন্ন করিয়াছে, এবং সেই পাপ প্রযুক্ত সচ্চিদানন্দ ঈশ্বরের সকল মঙ্গলহইতে আমরা পৃথক ছিলাম। আর পাপরূপ বোঝা আমরা কখন মস্তকহইতে নামাইতে পারিতাম না; কিন্তু খ্রীষ্ট আসিয়া পাপের বোঝাহইতে আমাদিগকে মুক্ত করিতে আপনার প্রাণ দিলেন। এই প্রকার তিনি পরমেশ্বরের অনুগ্রহ আমাদের প্রতি বর্ত্তিবার নিমিত্তে পথ নির্ম্মাণ করিলেন; কেননা এই ক্ষণে আমরা যদি পাপের জন্যে খেদ করিয়া খ্রীষ্টেতে বিশ্বাস করি, তবে তিনি আমাদের পাপ ক্ষমা করিতে ও

Digitized by Google

তাবৎ অধর্ম্মহইতে আমাদিগকে পরিষ্কার করিতে বিশ্বাসী ন্যায়কারী হন।

ধর্ম্মশাস্ত্রে স্পষ্ট রূপে উক্ত আছে, যে প্রভু যীশু খ্রীষ্টের রক্তপাত পাপের প্রায়শ্চিত্ত হইয়াছে; আরও তাঁহার গুণ এত পর্য্যন্ত, যে অতিপাতক মহাপাতকাদিও কাটা যায়; কেননা শাস্ত্রে লিপি আছে, যে খ্রীষ্টের মরণের দ্বারা মনুষ্যদের সকল প্রকার পাপ ও অপরাধ ক্ষমা হইবে। অতএব খ্রীষ্টকে গ্রহণ করাতে যে কি পর্য্যন্ত মঙ্গল হয়, তাহা কি বলিব? দেখ, কায়িক ও বাচনিক ও মানসিক ইত্যাদি যত প্রকার পাপ আছে, সে সকল একেবারে মার্জনা হয়। পাপমার্জনারূপ যে এই পরম রত্ন খ্রীষ্টের অমূল্য রক্ত দ্বারা ক্রীত হইলেও আমাদের প্রতি বিনা মূল্যে দত্ত হয়; অতএব পাপী দীনহীন যে আমরা, আইস, প্রেমপূর্ব্বক তাঁহার প্রতি দৃষ্টিপাত করি। আমাদের পাপের বোঝা যত ভারি হউক, তিনি আপনি তাহা নামাইবেন; আমাদের আপদ্বিপদ যে প্রকার হউক, তিনি একেবারে তাহা দূর করিতে পারেন; কেননা পাপেতে ভগ্নান্তঃকরণদিগকে সান্ত্বনা দিতে, ও শয়তানের হস্তগত লোকদিগকে মুক্তি দিতে, এবং অজ্ঞানরূপ অন্ধদিগকে জ্ঞানরূপ চক্ষু দিতে, ও মর্দ্দিতদিগকে নিস্তার করিতে অভিষিক্ত হইয়া তিনি এই জগতে প্রেরিত হইলেন। খ্রীষ্টেতে সত্য বিশ্বাসিরা এই সমস্ত জ্ঞাত আছে, এবং এই সকলের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা করিতে আপনাদের আত্মাকে দায়ূদের

Digitized by Google

ন্যায় এই রূপে প্রবৃত্তি দেয়; "হে আমার মন পরমেশ্বরের ধন্যবাদ কর, এবং আমার অন্তরস্থ সকল, তাঁহার পবিত্র নামের ধন্যবাদ কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর, ও তাহার কৃত সকল মঙ্গল বিস্মৃত হইও না। তিনি তোমার তাবৎ পাপ মার্জ্জনা করেন, ও তোমার সকল রোগের শান্তি করেন। এবং মৃত্যুহইতে তোমার প্রাণকে উদ্ধার করিয়া অনুগ্রহ ও দয়ারূপ মুকুটেতে তোমাকে ভূষিত করেন *।"

(২) ঈশ্বরের পোষ্যপুত্রের পদ পাওয়া, ইহাও খ্রীষ্টের মরণের ফল, এবং প্রভুর ভোজনেতে ইহাও বিশেষ রূপে জ্ঞাত হওয়া যায়, যে আমরা তাঁহার সন্তান সন্ততি রূপে খ্যাত হই, এবং তিনি আপনাকে আমাদের পিতা করিয়া জানান; কেননা পূর্ব্বে আমরা ঈশ্বরের ক্রোধপাত্র হইয়া স্বর্গরাজ্যের বহির্ভূত ছিলাম, এইক্ষণে খ্রীষ্টের মরণদ্বারা আমরা তাঁহার নিকটে আনীত হইয়াছি, তাঁহার মরণ আমাদিগের পাপ দূর করে, কেবল তাহাও নয়, কিন্তু আমরা পূর্ব্বে পাপেতে পতিত প্রযুক্ত যে২ উত্তম পদ হারাইয়াছিলাম, তাহা খ্রীষ্টের আশ্রিত হওয়াতে তিনি পুনর্ব্বার আমাদিগকে সেই সকল পদস্থ করিবেন।

খ্রীষ্টের সত্য আশ্রিত প্রত্যেক লোককে ঈশ্বর আপনার প্রিয় সন্তান করিয়া বলেন, আর এই সান্ত্বনাজনক বাক্য বলেন, যে তোমাদের সকল ভার আমার উপরে

* দাউদের ১০৩ গীত ১-২-৩-৪ পদ,

Digitized by Google

রাখ, এবং ইহকালে ও পরকালেতে যাহা২ তোমাদের প্রয়োজনীয়, তাহা আমার প্রতি নিবেদন করিলে তোমাদিগকে দত্ত হইবে। সিংহগণ খাদ্য না পাইয়া ক্ষুধিত হয়, কিন্তু খ্রীষ্টের নিতান্ত আশ্রিত লোকদের কোন মঙ্গলের অভাব হইবে না; কারণ পুত্রের প্রতি যাদৃশ পিতার স্নেহ, পরমেশ্বরের তাহাদের প্রতিও তাদৃশ স্নেহ। তিনি বুদ্ধিদ্বারা তাহাদিগকে সুপথে লওয়াইবেন, শক্তিদ্বারা তাহাদিগকে রক্ষা করিবেন; এই প্রকারে তিনি ইহকালে তাহাদের সকল প্রকার মঙ্গলের বাহুল্য করিয়া দেন। কিন্তু পরকালে তাহাদের জন্যে তিনি কি রাখিয়াছেন, তাহা কথাতে জানান যায় না। কেননা তাহারা খ্রীষ্টের আশ্রয় লওনের দ্বারা ঈশ্বরের পোষ্যপুত্র হইয়া স্বর্গের উত্তরাধিকারী হইয়াছে। আরও পরকালে তাহাদের স্বর্গীয় পদ হওয়াতে যে মর্য্যাদা হইবে, তাহার সীমা কেহই বলিতে পারে না। এবং ঈশ্বর তাহাদের পিতা হওয়াতে জীবনের মুকুট তাহাদের অধিকার, এবং স্বর্গ তাহাদের বাসস্থান। অপর তাহারা যে স্বর্গনিবাসী হইয়া ঈশ্বরের সঙ্গে অনন্ত কাল পর্য্যন্ত সুখ ভোগ করিবে, এই সকল আশীর্ব্বাদ প্রভুর ভোজনেতেই স্পষ্ট রূপে দেখা যায়, কেননা তিনি আপনি আসিয়া আপনার প্রিয় লোকদিগকে এই জীবনের রুটী ভোগ করাইবেন।

অতএব খ্রীষ্টের মরণের ফল অমূল্য। দেখ, পাপী দীনহীন উপায়রহিত হইয়া আমরা অপরাধেতে ঈশ্ব-

Digitized by Google

রের শত্রু ও শয়তানের দাস ছিলাম; কিন্তু খ্রীষ্টের মরণীয় যন্ত্রণাদ্বারা এই সকল দুর্দ্দশাহইতে রক্ষা পাই। কেবল তাহা নয়, কিন্তু ঈশ্বরের পোষ্য পুত্রত্বপদ পর্য্যন্তও পাই, তাহাতে আমরা ইহকালে সকল প্রকার সান্ত্বনা ও রক্ষা পাইয়া পরকালে অনন্ত জীবন প্রাপ্ত হই। এক্ষণে আশ্চর্য্য জ্ঞান করিয়া আমাদের উচ্চৈঃস্বরে এই কথা বলা উচিত, "দেখ, আমরা ঈশ্বরের পুত্ররূপে বিখ্যাত হইতেছি, ইহাতে পিতা আমাদিগকে কেমন প্রেম প্রদান করিয়াছেন *।" হে স্বর্গ, হে পৃথিবি, চমৎকৃত হও, কেননা এই প্রকার অপূর্ব্ব প্রেমপ্রকাশ কখন হয় নাই; কেননা আমরা ক্রোধের পাত্র হইয়াও ঈশ্বরের পুত্রত্বপদ পাইলাম।

(৩) খ্রীষ্টের মরণের ফল হইয়াছে মনের শান্তি। এই বহুমূল্য ফল খ্রীষ্ট আপনার মরণদ্বারা উপার্জ্জন করিয়াছেন, এবং তাঁহার স্বর্গারোহণের পূর্ব্বে তিনি এই ধন আপনার আশ্রিত সকল লোকের জন্যে রাখিলেন। এবং তাহার নিজ কথা এই, "আমি তোমাদের স্থানে শান্তি রাখিয়া যাইতেছি, আমার নিজের শান্তি তোমাদিগকে প্রদান করিতেছি †।' মনের দুঃখ ও চাঞ্চল্যের মূল যে পাপ, তাহা খ্রীষ্টের রক্তের দ্বারা দূরীকৃত হইলে সান্ত্বনা আসিবার পথ মুক্ত হইয়াছে; এই প্রযুক্ত খ্রীষ্ট শাস্ত্রের মধ্যে সন্ধিকারক খ্যাত হন, কেননা আমাদিগকে ঈশ্বরের সঙ্গে মিলাইবার জন্যে তিনি জগতে আইলেন,

* ১ যোহন ৩ : ১। † যোহন ১৪ ; ২৭।

Digitized by Google

এবং মিলাইলে পর সুতরাং সান্ত্বনা হয়; কারণ ঈশ্বর আমাদের বন্ধু হইয়াছেন, ইহা জ্ঞাত হইলে মনোদুঃখ দূরে যায়।

তবে প্রভুর ভোজন কি আনন্দদায়ক নিয়ম। দেখ তদ্দ্বারা পাপেতে খেদকারিরা সান্ত্বনা পায়, এবং পাপেতে ভারগ্রস্তেরা বিশ্রাম প্রাপ্ত হয়; সেখানে ধর্ম্মের প্রতি ক্ষুধিত ও তৃষ্ণিতেরা পরিতৃপ্ত হয়, এবং প্রত্যয় ও সরলতা ইত্যাদি নানা গুণ প্রাপ্ত হয়। অপর যাহারা উপযুক্ত রূপে প্রভুর ভোজন ভোগ করে, তাহারা ভাল রূপে জানে যে তাহাতে কি প্রকার কুশলাদিরূপ মধুরতা আছে। তাহারা প্রত্যেক জন বলিতে পারে, আমি পরম সন্তুষ্ট হইয়া তাঁহার ছায়ায় বসিলাম; তিনি ভোজনশালাতে আমাকে আনিলেন, এবং তদুপরিস্থিত যে তাঁহার স্থাপিত ধ্বজা সে প্রেম।

আরও সকল ধর্ম্মাচরণ করিবার নিমিত্তে প্রভুহইতে এই নিয়মেতে অনুগ্রহ পাওয়া যায়; তাহাতে পরমেশ্বর প্রত্যেক জনকে বিশেষ রূপে বলেন, আমার অনুগ্রহেতে তোমাদের প্রতুল হইবে, এবং এই পারমার্থিক ভোজন করিলেই স্বর্গের পথে যাইতে শক্তি হইবে।

প্রার্থনা।

হে সর্ব্বশক্তিমন্ অতিদয়ালু পরমেশ্বর, জীবন ও সুখের উনুই তোমার কাছে আছে। তোমার প্রতি ও ভ্রাতৃলোকের প্রতি প্রেমের বৃদ্ধি করিবার জন্যে তুমি

Digitized by Google

প্রভুর ভোজনের নিয়ম করিয়াছ, এই নিমিত্তে আমরা আহ্লাদিত হইয়া তোমার ধন্যবাদ করি। ও হে দয়ালু যীশু, তোমার মরণের এই অমূল্য ফল আমাদিগকে ভোগ করাও, এবং সকলপাপেতে অত্যন্ত ঘৃণা করিতে আমাদিগকে প্রবৃত্তি দেও, ও কাম ক্রোধাদি বশ করিবার শক্তি প্রদান কর, যেন তাহারা আমাদের উপরে বল প্রকাশ না করে। ওহে করুণাময় যীশু, আমাদের দুর্ব্বলতা সকল তুমি জান, অতএব আমাদের উপকার কর। হে ঈশ্বর, আমাদের মন স্বভাবেই সাংসারিক ও দুষ্ট, অতএব তাহাকে সংসারের তাবৎ সুখহইতে নিবৃত্ত করিয়া পারমার্থিক বিষয়ে প্রবৃত্ত কর। প্রভু যীশু খ্রীষ্ট আমাদের জন্যে যে ক্ষত ও মনের অসংখ্য ব্যথা সহিয়াছিলেন, তাহাতে পাপের দুষ্টতা ও তাঁহার অসংখ্য প্রেম যেন আমরা দেখিতে পাই, এবং তাহার জন্যে আমাদের অতি বড় খেদ যেন জন্মে। যে বহুমূল্য রক্তের স্রোত খ্রীষ্টের ধন্য শরীর-হইতে ধারাবাহী হইয়া পড়িয়াছিল, তাহাতে সকল পাপের প্রক্ষালন হয়, তাহা যেন আমরা দেখিতে পাই, এবং এই অদ্বিতীয় ও উপযুক্ত আশ্রয়েতে আশ্রিত হইয়া অবশেষে অনন্ত পরমায়ু পাই। আমরা এই সকল বর ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্টের নামে যাচ্ঞা করি; আমেন।

Digitized by Google

চতুর্থ অধ্যায়।

উপযুক্তরূপে প্রভুর ভোজন ভোগ করিবার জন্যে কি২ আবশ্যক।

১। দিব্য জ্ঞান, অর্থাৎ প্রভু যীশু খ্রীষ্ট বিষয়ক জ্ঞান, এবং বিশেষ রূপে তাঁহার মরণের তাৎপর্য্য জানা। যাহারা খ্রীষ্ট বিষয়ক জ্ঞানহীন, তাহারা সকলে এই নিয়মের অনধিকারী হওয়াতে তাহা পালন করণে শাস্ত্রীয় বচনদ্বারা নিষেধিত আছে; কারণ তাহা প্রভু যীশু খ্রীষ্টের মরণ প্রকাশ ও স্মরণ করিবার জন্যে নিরূপিত হইয়াছে; অতএব যাহারা খ্রীষ্টের এই জগতে আগমন ও ক্রুশীয় মরণ বিষয়ক জ্ঞানরহিত, তাহারা সেই নিয়মের তাৎপর্য্য না জানাতে সুতরাং সে ভোজনে নিষেধিত হয়।

আর সেই জ্ঞান সামান্য রূপ হইলে হয় না, কিন্তু বিশেষ রূপ জ্ঞানের প্রয়োজন, কেননা অনেক লোকে পরমেশ্বরের বিষয় সামান্য রূপে জানে, আর খ্রীষ্ট যে পরিত্রাণ করিতে এই জগতে অবতীর্ণ হইয়া বিস্তর ক্লেশ ভোগ পূর্ব্বক ক্রুশে হত হইলেন, ও তিন দিনের পরে পুনরায় উঠিয়া স্বর্গারোহণ করিলেন, ইত্যাদিও জানে; কিন্তু তাঁহার ভোজনের তাৎপর্য্য এবং ফল বিশেষরূপে জানে না।

ত্রাণদায়ক জ্ঞানের বিশেষ লক্ষণ এই, যে সে জ্ঞান পবিত্র আত্মার দত্ত, এবং তাহার উদয় হইবামাত্র তদ্বিশিষ্ট ব্যক্তি পাপেতে যে আপনার সর্ব্বতোভাবে অত্যন্ত দুর্দশা হইয়াছে, আর ত্রাণের নিমিত্তে খ্রীষ্টের

Digitized by Google

আবশ্যকতা আছে, এই সকল দেখিতে পায়; তন্নিমিত্তে সে নরকহইতে উদ্ধার পাইবার সকল ভরসা একান্ত মনে প্রভুর উপরে রাখে। এমত ব্যক্তির বিষয়ে শাস্ত্রে এই প্রকার লিপি আছে, যে তাহারা সকলেই ঈশ্বরের শিক্ষিত হইবে; যথা "অতএব যে কেহ পিতাহইতে শ্রবণ করিয়া শিক্ষা পায়, সেই আমার কাছে আসিবে*।" যেমন গাছ আপন২ ফলেতে পরিচিত হয়, তেমনি সে জ্ঞান আপন ফলেতে পরিচিত হয়; কেননা যে কেহ তাহা পায়, সকল প্রকার পাপকে ঘৃণা করিয়া ধর্ম্মাচরণ করিতে তাহার ইচ্ছা ও শক্তি হয়। এমন ব্যক্তি পারমার্থিক জ্ঞান পাইয়া রুটী ভাঙ্গনে ও দ্রাক্ষারস ঢালনে প্রভুর মরণীয় যন্ত্রণা আর তাহার ফল দেখিতে পাইয়া উপযুক্ত রূপে ভোজন করিতে পারে।

২। মন ফিরাইতে আবশ্যক; সে কি না পাপের জন্যে খেদ, এবং খ্রীষ্টের উপরে মন অর্পণ করা। যিনি আমাদের পাপমোচনার্থে বিদ্ধ ও ক্রুশে হত হইলেন, তাঁহার প্রতি দৃষ্টিপাত করণ সময়ে পাপের জন্যে খেদ করা আমাদের কেমন উপযুক্ত! কেননা আমাদের পাপমাত্রই তাঁহার মরণের কারণ। আমাদের পাপ করণেতে পরমেশ্বরের কত অপযশ হয়, এবং তাহাতে খ্রীষ্টের কত বেদনা, ইহা বিবেচনা করিতে গেলে আমাদের অতিশয় খেদ জন্মে। যেমন সূর্য্যের তাপেতে উত্তপ্ত না হইলে লোকেরা ছায়া চাহে না, তেমনি

* যোহন, ৬; ৪৫ পদ।

Digitized by Google

পাপ প্রযুক্ত ঈশ্বরের ক্রোধের উত্তাপেতে উত্তপ্ত না হইলে লোকেরা খ্রীষ্টের আশ্রয়রূপ ছায়া চাহে না। পাপ প্রযুক্ত যে সকল বিপদ ও দীনহীনতা, তাহা না জানিলে তাঁহার নিকট যাইতে আমাদের ইচ্ছা হয় না। কিন্তু যেমন ভারগ্রস্ত লোকের বিশ্রাম ভাল লাগে, ও ক্ষুধিত লোকের আহার দ্রব্য মিষ্ট লাগে, সেই মত খ্রীষ্টের আশ্রয়রূপ বিশ্রাম ও তাঁহার দত্ত আহার পাপেতে ভারাক্রান্ত লোকের তৃপ্তি জন্মায়। আর যেমন সূর্য্যের কিরণে উত্তপ্ত পথিক লোকেরা কোন মহৎবৃক্ষের ছায়াতে গিয়া শীতল হয়, এবং সেই বৃক্ষ প্রচণ্ড রৌদ্রহইতে ঐ তাপিত পথিককে আচ্ছাদন করিয়া স্নিগ্ধ করে, তেমনি পাপ প্রযুক্ত ঈশ্বরের ক্রোধাগ্নিতে সন্তপ্ত পাপি লোকেরা খ্রীষ্টরূপ বৃক্ষের ছায়াতে প্রবিষ্ট হইয়া শান্তি দূর করে, আর সেই তরুরূপ খ্রীষ্ট পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধানলহইতে পাপি লোকদিগকে রক্ষা করিবার জন্যে আপনি আচ্ছাদন করিয়া স্নিগ্ধ করেন।

দেখ দেখি, পরমেশ্বরের সকল অনুগ্রহের পরিবর্ত্তে আমরা তাঁহাকে কত নিন্দা করিয়াছি, এই রূপে পরমেশ্বরের আশীর্ব্বাদ সকলকে অভিশাপেতে পরিবর্ত্তন করিয়াছি; কেননা ঈশ্বরের প্রেম ও খ্রীষ্টের করুণা ও পবিত্র আত্মার চেতনাকে তুচ্ছ করাতে আমাদের মন কঠিন হইয়াছে। কিন্তু যাহারা পাপের জন্যে সত্য খেদ করে, তাহারা এই মত বলে, আহা, দিবারাত্রি যেন

Digitized by Google

ক্রন্দন করি, এই জন্যে আমাদের মস্তক যেন জলময়, ও চক্ষু জলের উনুই হয়। তাহারা আরও প্রার্থনা করে, হে ঈশ্বর, আমাদের অন্তঃকরণে পাপের প্রতি উপযুক্ত খেদ ও অতিশয় ঘৃণা জন্মাও, এবং মন ও চক্ষুকে এই কদর্য্য বিষয়হইতে নিবৃত্ত করিয়া প্রভু যীশু খ্রীষ্টের উপরে স্থির করিয়া রাখ।

৩। প্রভুর ভোজন উপযুক্ত রূপে খাওনার্থে খ্রীষ্টেতে সত্য বিশ্বাসের আবশ্যক। পরমেশ্বর দয়াপূর্ব্বক প্রভুর ভোজনেতে প্রায়শ্চিত্তকারি প্রভু যীশু খ্রীষ্টের শ্রীচরণে আমাদের পাপ সকল সমর্পণ করিতে আমাদিগকে ডাকিতেছেন। অতএব তাঁহার রক্ত আমাদের জন্যে পাত হইয়াছিল, ইহার প্রতি মনোযোগ করিতে হইবে; এই রূপে আমাদের সকল পাপ স্বীকার করিতে, আর সকল প্রকার নিজপুণ্যের আশা ত্যাগ করিতে, ও কেবল খ্রীষ্টের মরণেই ত্রাণ হয়, এইরূপ ভরসা করিতে হইবে। খ্রীষ্ট আমাদের পাপের প্রায়শ্চিত্ত সিদ্ধ করিয়াছেন, এইক্ষণে তিনি ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আমাদের সহায় আছেন, এই জন্যে ত্রাণের নিমিত্তে সত্য খ্রীষ্টিয়ানেরা তাঁহার প্রতি সকল ভরসা রাখে। এই প্রকার সত্য প্রত্যয়ের দ্বারা তাহারা বলিতে পারে, পরমেশ্বরেতে আমাদের ধর্ম্ম ও শক্তি আছে, এবং তাঁহার রক্তের দ্বারা আমাদের মুক্তি, অর্থাৎ পাপের ক্ষমা হইয়াছে; অতএব তাঁহার ভোজনেতে যাহারা আহূত হয়, তাহাদের ত্রাণ পাইবার নিমিত্তে দীনহীন ভিক্ষুকের ন্যায় নম্রান্তঃ-

Digitized by Google

করণে তাঁহার নিকটে আসিতে হয়। আরও ত্রাণ করিতে খ্রীষ্ট সমর্থ আছেন, কারণ তাঁহার রক্ত তাবৎ পাপ-হইতে আমাদিগকে পরিষ্কৃত করে, এবং তাঁহার পুণ্য-দ্বারা আমরা পুণ্যবান হই, ও তাঁহার নিমিত্তে ঈশ্বরের কাছে গ্রাহ্য হই, এই সকলেতে দৃঢ় প্রত্যয় রাখাও উচিত। সত্য বিশ্বাসিরা জ্ঞাত আছে, যে তাহারা আপনারা কিছু করিতে পারে না, এই নিমিত্তে ভাল আচরণ করণার্থে নিত্য২ খ্রীষ্টের নিকটে আসিয়া অনুগ্রহ ও বল প্রার্থনা করে। আর তাহারা এই নিশ্চয় জানে, যে আমাদের শক্তিদাতা যে খ্রীষ্ট, তাঁহার সহায়তাতে আমরা সকলি করিতে পারিব। যেমন বৃক্ষেতে ডাল সংলগ্ন থাকে, তেমনি প্রত্যয় সত্য বিশ্বা-সিকে খ্রীষ্টেতে সংলগ্ন করিয়া দেয়; এবং যে কেহ খ্রীষ্টেতে আশ্রিত হয়, সে পবিত্র আত্মার ফল ধরিবে; অর্থাৎ প্রেম, ও আনন্দ, ও শান্তি, ও ধৈর্য্যাবলম্বন, ও প্রণয়, ও দাতৃত্ব, ও বিশ্বস্ততা, ও মৃদুতা, ও পরিমিত ভোগ, ইত্যাদি আত্মার ফল প্রাপ্ত হইবে। যাহা দিয়া ধর্ম্মের সকল গুণ আমাদের অন্তঃকরণের মধ্যে বহিয়া আইসে, প্রত্যয় এমন নালাস্বরূপ হইয়াছে; প্রত্যয়ের দ্বারা বিশ্বাসিদের ঈশ্বরের সঙ্গে মিলন হয়, আর তাহার দ্বারা পাপ দমন করিয়া ধর্ম্ম আচরণ করিতে শক্তি পায়; অতএব এই অমূল্য জ্ঞান ব্যতিরেকে প্রভুর ভোজন করিতে কেহ পারে না।

৪। প্রকৃত রূপে প্রভুর ভোজন করণার্থে কৃতজ্ঞতার

Digitized by Google

আবশ্যক। পাপ প্রযুক্ত যে দুর্দ্দশা হয়, ঈশ্বর খ্রীষ্টের মরণদ্বারা আমাদিগকে তাহাহইতে মুক্ত করিয়াছেন; তন্নিমিত্তে তাঁহার ধন্যবাদ ও স্তব স্তুতি করা আমাদের অতি উপযুক্ত।

দেখ দেখি, পাপ প্রযুক্ত আমরা তাঁহার আজ্ঞালঙ্ঘনের দ্বারা অন্য প্রাণিহইতে অযোগ্য হইয়াছি। সন্তানত্ব রূপে ভক্ষ্য দ্রব্য পাওয়া দূরে থাকুক, আমরা তাঁহার মেজের উচ্ছিষ্ট গুঁড়াগাঁড়া পাইবার উপযুক্ত পাত্রও নই; কেননা তাঁহার অনুগ্রহ ও করুণা ইত্যাদিকে তুচ্ছ তাচ্ছীল্য করিয়াছি। এবং বুঝিয়া দেখ, লোকেরা আপনার আত্মীয় বন্ধু কুটুম্ব ও প্রধান ২ লোকদিগকে ভোজন করিতে নিমন্ত্রণ করে; কিন্তু বিদেশী ও শত্রু এবং নীচ লোককে কে নিমন্ত্রণ করিয়া থাকে? তাহা বল দেখি। কিন্তু এ কি প্রকার অনুগ্রহ! দেখ, আমরা বিদেশী, কেননা তাঁহার পথ ছাড়িয়া আমরা অন্য পথে গিয়াছি; এবং আমরা শত্রু, কারণ তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিয়া তাঁহাকে তুচ্ছ করিয়াছি; অপর নীচও আমরা, কেননা পাপ করাতে অধম হইয়াছি। তত্রাপি প্রভুর ভোজনেতে অমৃত রূটী খাইতে ঈশ্বরকর্তৃক নিমন্ত্রিত হই। ইহাতে জানা যায়, যে যেমন পৃথিবীহইতে স্বর্গ উচ্চ, তেমনি মানুষের দয়াহইতে ঈশ্বরের দয়া উচ্চ; কেননা মনুষ্যেরা যৎকর্তৃক মান্যমান ও উপকৃত হয়, তাহাকে নিমন্ত্রণ করে; কিন্তু আমাদিগহইতে তাঁহার কি মান হয়? এবং তিনি কি বা আমাদের দায়ী আছেন?

Digitized by Google

৫। যথার্থ মতে প্রভুর ভোজন করণার্থে পারমার্থিক ক্ষুধা ও তৃষ্ণার আবশ্যক। যেমন সাংসারিক আহার ভোগ করণার্থে ক্ষুধা ও তৃষ্ণার আবশ্যক রাখে, তেমনি পারমার্থিক আহারাদি ভোগ করিবার জন্যে ক্ষুধা ও তৃষ্ণার প্রয়োজন আছে; অতএব শাস্ত্রের উক্তিও এই আছে, যে তিনি ক্ষুধার্ত্ত লোককে উত্তম সামগ্রীর দ্বারা তৃপ্ত করিয়া ধনবানদিগকে রিক্ত হস্তে বিদায় করেন *।" যেমন রুচি হইলে খাইবার জন্যে আহারের দ্রব্য চায়, তেমনি খ্রীষ্টকে পাইবার জন্যে আত্মার উদ্যোগও চাই। এই জগতে আমরা ক্লিষ্ট পথিকের ন্যায়, শুষ্ক ও ভয়ঙ্কর বন দিয়া যাইতেছি; খ্রীষ্ট আমাদের যাথার্থিক আহার হইয়াছেন, কিন্তু আমাদের পারমার্থিক রুচি না হইলে তাহাতে প্রবৃত্তি হইবে না। অতএব যদি রুচি হয়, তবে তৃষিত ভূমির ন্যায় আমাদের মন ঈশ্বরকে চাহিবে, ও তাঁহার সহিত সঙ্গ করিবার নিমিত্তে আমাদের লালসা হইবে। এই প্রকার দায়ূদও শাস্ত্রে লিখিয়াছেন, "হে ঈশ্বর, আমার মন তোমার নিমিত্তে ব্যাকুল হইতেছে। ঈশ্বরের নিমিত্তে অর্থাৎ অমর ঈশ্বরের কারণ আমার প্রাণ তৃষ্ণার্ত্ত হইতেছে; আমি কখন্ আসিয়া ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হইব?" †

এতদনুসারে খ্রীষ্ট আপনি বলিলেন, ধর্ম্ম বিষয়ে ক্ষুধিত ও তৃষ্ণান্বিত লোকেরা ধন্য, কেননা তাহারা পরিতৃপ্ত হইবে। এই সকল বিবেচনা করিলেই আমা-

* লুক ১, ৫৩। †গীত ৪২; ১, ২।

Digitized by Google

দের মন যেন পবিত্র আত্মার দ্বারা ঈশ্বরেতে নিবিষ্ট হয়, তাঁহার কাছে এমন প্রার্থনা করা উচিত। এই প্রকার করিলে আমরা নিশ্চয় জানিতে পারিব, যে সে অতি উত্তম সুখাদ্য বটে।

অধিকন্তু সকল লোকের সহিত মিলন ও প্রেম রাখা অতি কর্ত্তব্য। এবং যাহার অন্তঃকরণে প্রভুর সত্য রূপ অনুগ্রহ থাকে, সে সর্ব্বদা এই মত চেষ্টা করে। সমস্ত অন্তঃকরণের সহিত ঈশ্বরকে প্রেম কর ও সকল লোককে আত্মতুল্য জ্ঞান কর, এই আজ্ঞা পালনের বিশেষরূপ প্রবৃত্তি আমরা প্রভুর ভোজনেতে পাই।

সকল লোককেই প্রেম করা কর্ত্তব্য বটে, কিন্তু বিশেষরূপে খ্রীষ্টাশ্রিত লোকদিগকে, কারণ পিতার ও তাঁহার পুত্র প্রভু যীশু খ্রীষ্টের সহিত তাহাদের নিতান্ত মিত্রতা আছে; তাহারা ঈশ্বরের দৃষ্টিতে বহুমূল্য এবং মর্য্যাদাপন্ন আছে, সুতরাং আমাদেরও নিকটে সেই মত হওয়া উচিত। এই রূপে যদি আমাদের অন্তঃকরণ পরস্পর প্রেমেতেও সুনিশ্চিত জ্ঞানেতে একত্র বান্ধা থাকে, তবে আমাদের পারমার্থিক সুখ বিস্তর বাড়িবে; কেননা ভ্রাতৃপ্রেমেতে ও ভাল আচরণেতে বলবান্ হইতে পরমেশ্বর আজ্ঞা দিয়াছেন. এবং সেই প্রকার লোকদের প্রতি তিনি বাহুল্য আশীর্ব্বাদ দিতে প্রতিজ্ঞা করিয়াছেন।

Digitized by Google

প্রার্থনা।

ওহে পরমেশ্বর, তুমি প্রেম ও পবিত্রতাতে আমাদের বৃদ্ধি করিবার জন্যে যে নিয়ম করিয়াছ, তন্নিমিত্তে তোমাকে স্তবস্তুতি করি; কিন্তু আমরা পাপ প্রযুক্ত প্রভুর ভোজন করিতে স্বভাবত অনুপযুক্ত, এই জন্যে অতিশয় খেদ করি। ওহে পরমেশ্বর, আমাদিগকে আপন২ পাপ জানিবার জন্যে জ্ঞান দেও, ও জানিলে তাহার নিমিত্তে খেদ করিতে দেও, যেন খ্রীষ্টকে গ্রহণ করিতে আমাদের মন প্রস্তুত থাকে। আর তোমার অদ্বিতীয় প্রিয় পুত্র যে ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্ট, তাঁহার প্রতি আমাদের অন্তঃকরণে সত্য বিশ্বাস জন্মাও, যেন আমরা ক্ষুধার্ত্ত মানুষের মত তাঁহার নিমিত্তে ক্ষুধিত ও তৃষ্ণিত হই। যেমন ব্যাধকর্তৃক তাড়িত ও পিপাসান্বিত হরিণ নদীর নিকটে বেগে যাইয়া ব্যাকুল হয় তেমনি যেন আমাদের মন তাঁহার নিমিত্তে চেষ্টিত হইয়া ব্যাকুল হয়।

হে দয়ালু ত্রাণকর্ত্তা, আপনি অনুগ্রহ করিয়া আমাদের অন্তঃকরণকে বিচার কর, এবং আমাদের যে২ গুপ্ত পাপ থাকে, তাহা নাশ কর; এবং কোন পাপের প্রেম আমাদের অন্তরে থাকিতে দিও না। অপর যাহা২ আমাদের কর্ত্তব্য, সেই সকল দেখাইয়া আমাদিগকে সম্পন্ন করিতে শক্তি দেও। ও হে ঈশ্বর, আমাদের মনের অন্ধকার দূর কর, এবং সান্ত্বনাদায়ক পবিত্র আত্মাকে প্রদান কর। হে অনুগ্রাহক পিতঃ, সকল লোককে প্রভুর ভোজন লইতে প্রস্তুত কর।

Digitized by Google

শয়তানের রাজ্য সকল শীঘ্র করিয়া নাশ কর, এবং তোমার মণ্ডলীস্থ লোকের নিত্য২ বাহুল্য রূপে বৃদ্ধি হউক। তোমার রাজ্য আইসুক, এবং তোমার ইষ্ট ক্রিয়া যেমন স্বর্গে তেমন পৃথিবীতেও পালিত হউক। হে দয়াময় ঈশ্বর, যাহারা খ্রীষ্টকে গ্রাহ্য করে, তাহারা সকল কুক্রিয়াহইতে যেন পরাঙ্মুখ হয়, এবং সকল ধর্ম্ম আচরণ করিতে নিযুক্ত থাকে, যেন তাহাদ্বারা তোমার নামের গৌরব সকল স্থানে প্রকাশিত হয়। এবং রাজত্ব ও বল ও গৌরব সদা সর্ব্বক্ষণ তোমাতে বর্ত্তুক। এই সকল বর প্রভু যীশু খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে প্রার্থনা করি। আমেন।

পঞ্চম অধ্যায়।

প্রভুর ভোজনের প্রবৃত্তিজনক কথা।

১। সেই ভোজন আমাদের জন্যে নিয়মিত হইয়াছিল। ইহাই য়িশিয়িয় ভবিষ্যদ্বক্তা কর্ত্তৃক উক্ত আছে, যে এই পর্ব্বতে, অর্থাৎ খ্রীষ্টিয়ান মণ্ডলীর মধ্যে সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর তাবৎ লোকের নিমিত্তে উত্তম২ খাদ্যদ্রব্য ও পুরাতন দ্রাক্ষারস, অর্থাৎ অতি সুস্বাদু সামগ্রী ও পুরাতন নির্ম্মলীকৃত দ্রাক্ষারসযুক্ত এক ভোজ প্রস্তুত করিবেন *। ইহাতে জানা যায়, যে প্রভুর মরণের ফলেতে ও পারমার্থিক রূপ উত্তম ভোজেতে তুলনা হয়। এই যে পারমার্থিক ভোজ, ইহাতে ঈশ্বর আপনি সকল

* য়িশয়িয় ২৫ ; ৬।

Digitized by Google

আয়োজন করিয়াছেন, সুতরাং তাহাতে নানা বিধ ও বাহুল্য আছে; এবং সে ত্রাণ ও সুখজনক। পৃথিবী নিবাসী প্রতি দেশীয়, প্রতি বংশীয়, প্রতি ভাষীয় সকল লোকের জন্যে প্রস্তুত হইয়াছে। এই যে খ্রীষ্টকর্ত্তৃক কৃত পরম রত্ন স্বরূপ পরিত্রাণ সে কেবল এক দেশের নিমিত্তে নিরূপিত হইয়াছে তাহা নয়, কিন্তু তাবৎ পৃথিবীস্থ লোকের জন্যে। প্রভুর সত্য বিশ্বাসকারি লোকের বিশ্বাস যেমন ক্ষীণ হউক না কেন, সে প্রভুর ভোজন-হইতে কখন নিবারিত হয় না। হে প্রিয় পাঠকেরা, তবে দেখ দেখি, দীনহীন পাপী যে আমরা, আমাদের জন্যে যদি ঈশ্বর সেই প্রভুর ভোজনের নিয়ম করিয়াছেন, তবে তাহা লইতে আমাদের কত সাহস জন্মে!

২। সমস্ত প্রস্তুত আছে।

১। পরিত্রাণের নিমিত্তে সকল প্রকার বর আমাদিগকে দিতে খ্রীষ্ট প্রস্তুত আছেন। তিনি আপনার সঞ্চিত পুণ্যেতে আমাদিগকে পুণ্যবান্ করিবেন, এবং আপনার বহুমূল্য রক্তের গুণেতে আমাদের পাপ মার্জ্জনা করিবেন; কেননা তন্নিমিত্তে তাহার পাত হইয়াছিল। দেখ, যিনি আমাদিগকে নির্দ্দোষী করিতে পারেন এমন যে খ্রীষ্ট, তিনি বর্ত্তমান আছেন, এবং আমাদের প্রতিনিধি হইয়া সর্ব্বদা আমাদের নিমিত্তে ঈশ্বরের কাছে নিবেদন করিতেছেন।

২। পবিত্র আত্মা আমাদের অন্তঃকরণ পবিত্র করিতে ও সান্ত্বনা দিতে প্রস্তুত আছেন। শাস্ত্রোক্তিতে এই জানা

Digitized by Google

যায়, যে যদি আমরা খ্রীষ্টেতে বিশ্বাস করি, তবে তিনি আমাদের অন্তঃকরণে বাস করিবেন, এবং আমাদের অন্তরে অমৃত জলের উনুইস্বরূপ হইয়া অনন্ত পরমায়ু পর্য্যন্ত উথলিয়া উঠিবেন।

৩। খ্রীষ্টিয়ান মণ্ডলীর মধ্যে স্থান আছে। এই প্রযুক্ত সমস্ত বিশ্বাসি লোককে গ্রহণ করিতে, ও আপনার পরিজনের মধ্যে রাখিতে আমাদের স্বর্গস্থ পিতা প্রস্তুত আছেন। আরও তিনি শাস্ত্রদ্বারা আমাদিগকে এই মত আহ্বান করিতেছেন, যে পাপি লোকদের মধ্য-হইতে আসিয়া পৃথক হও, এবং কোন অশুচি বস্তু স্পর্শ করিও না; তাহাতে আমি তোমাদিগকে গ্রাহ্য করিব, ও তোমাদের পিতা হইব, এবং তোমরা আমার কন্যা পুত্র হইবা। তাঁহার এই রূপ অতুল্য প্রেম আমাদের প্রতি প্রকাশ করাতে জানা যায়, যে যদি আমরা খ্রীষ্টেতে আশ্রয় লই, তবে তিনি স্বর্গেতে আপনার পুত্র করিয়া আমাদিগকে স্বীকার করিতে ও জীবনরূপ পুস্তকে আমাদিগের নাম লিখিতে প্রস্তুত আছেন।

আরও খ্রীষ্টের আশ্রিত লোক সকলের বাসস্থান স্বর্গেতে প্রস্তুত আছে, এবং মরিবামাত্র স্বর্গীয় দূতের এক দল আসিয়া তাহাদের আনন্দযুক্ত আত্মাকে মর্য্যাদা-পূর্ব্বক সেই স্থানে লইয়া যাইবে। পরে ঈশ্বর বলিবেন, হে উত্তম বিশ্বাস্য দাস সকল, তোমরা ধন্য, তোমরা আপন প্রভুর সুখের ভাগী হও।

৪। এই অতুল্য বর সকল পাইতে তিনি আমাদিগকে

Digitized by Google

আহ্বান করিতেছেন। প্রভুর ভোজনের নির্ণয় করণার্থে ধর্ম্মশাস্ত্রের মধ্যে রাজার রাত্রিভোজের দৃষ্টান্ত কথা আছে; যথা, সমস্ত খাদ্য সামগ্রী প্রস্তুত আছে, তোমরা ভোজেতে আইস, এই কথা নিমন্ত্রিতদিগকে বলিতে রাজা আপন ভৃত্যদিগকে প্রেরণ করিলেন; কিন্তু তাহারা আসিতে সম্মত ছিল না। এই রূপে প্রভু আপনার মরণের দ্বারা সকল লোককে ঈশ্বরের সহিত মিলাইতে প্রেরিত লোকদ্বারা ডাকিতে পাঠাইতেছেন। কিন্তু হায়২ এই বড় খেদের বিষয়, যে প্রভু এমত সুন্দর ভোজ প্রস্তুত করিলেও অতি অল্প লোক তাহাতে আসিতে চাহে; বিস্তর লোক সাংসারিক ব্যবহারেতে ব্যস্ত হইয়া তাহা অবহেলা করে; কেহ বা ক্ষেত্রে, কেহ বা বাণিজ্যেতে চলিয়া যায়; এই প্রকার ঐহিক সুখ ও উদ্বেগে মগ্ন হইয়া পারমার্থিক সুখ কত অবজ্ঞা করে; কেননা এই নিমন্ত্রণে আসিতে তাহাদের বাঞ্ছাও নাই, ও অবকাশও নাই। কিন্তু হে প্রিয় পাঠকেরা, তোমাদিগকে এই বিনতি করি, খ্রীষ্টের দ্বারা যে অতুল্য সুখ ও মর্য্যাদা, তাহা তুচ্ছ করিয়া ঐহিক সুখের নিমিত্তে ত্যাগ করিও না। এবং বিবেচনা কর, যে তোমাদের সকলকে ত্রাণ করিতে ঈশ্বর আপন পুত্র খ্রীষ্টকে পাঠাইলেন, আর ভোজনের সকল বস্তু প্রস্তুত করিয়াছেন, এবং আপনি ডাকিতেছেন; তবে তাহা লইতে যাওয়া সকলের কত উপযুক্ত। আরও দেখ, আমরা সাহসিক হইয়া যাইতে পারি, কেননা তিনি আপনি বলি-

Digitized by Google

য়াছেন, যে কেহ আমার নিকটে আসিবে, তাহাকে আমি কোন ক্রমে দূর করিব না।

৫। সেই নিয়ম ত্যাগ করাতে কত বিপদ হয়। তাহাতে পরমেশ্বরের সুস্পষ্ট আজ্ঞার লঙ্ঘন হয়, কারণ তিনি আপনার শিষ্যদের নিমিত্তে আপনি যে দিবসে হত হইলেন, তাহার পূর্ব্বদিন রাত্রিতে সেই নিয়ম স্থির করিয়াছিলেন, এবং মরণাপন্ন সময়ে আপনার স্মরণার্থে ঐ অনুমতি দিয়াছিলেন। তবে দেখ দেখি, আত্মীয় বন্ধুর মরণকালের কথা তোমাদের যদি অতি রক্ষণীয় হয়, তবে যিনি পরম বন্ধু হইয়া আমাদের ত্রাণের জন্যে আপনার প্রাণ দিলেন, তাঁহার কথা কত বড় রক্ষণীয় হয়। তবে যাহারা তাঁহার ঐ নিয়মকে ত্যাগ করে, তাহারা স্পষ্টরূপে ইহা জানায়, যে তাঁহার প্রতি তাহাদের প্রেম ও বন্ধুতা নাই; কারণ তাহারা জ্ঞানপূর্ব্বক তাঁহার অলঙ্ঘ্য আজ্ঞা লঙ্ঘন করিয়াছে, এবং তাঁহার উপদেশ তুচ্ছ করে, এটা কি সামান্য পাপ? এবং যখন প্রভু যীশু খ্রীষ্ট আপনার নাম ও নিয়মকে তুচ্ছকারিদের বিচার করিতে আসিবেন, তখন তাহাদের কি অল্প দুর্দ্দশা হইবে?

অতএব বলিতেছি, যে ঐ নিয়মের তুচ্ছকারি প্রত্যেক লোক ইচ্ছানুসারে আপনার দণ্ডের বিষয় ধর্ম্মশাস্ত্রের মধ্যে পাঠ করিতে পারে; এবং খ্রীষ্টেতে বিশ্বাস করা সকল কর্ম্মহইতে আবশ্যক; কারণ নি আমাদের ত্রাণ সিদ্ধ করিয়াছেন, সুতরাং তাঁহাকে তুচ্ছ

Digitized by Google

করিলে ত্রাণ পাইবার উপায় নাই, বরঞ্চ ঈশ্বরের কোপানলে থাকিতে হয়, ইহাও জানিতে পারে। হে প্রিয় লোকেরা, বিবেচনা কর, যে অবিশ্বাস প্রযুক্ত খ্রীষ্টের রক্ত তোমাদের প্রতি নিষ্ফল হইল। হায়২ কি খেদের বিষয়, যিনি তোমাদের জন্যে জগতে অবতীর্ণ হইয়া ক্রন্দন ও অত্যন্ত দুঃখভোগ পূর্ব্বক রক্তপাত ও প্রাণত্যাগ করিয়াছিলেন, তোমাদের প্রতি তাঁহার এত দয়া প্রকাশ করাতেও তাঁহার প্রতি কি তোমাদের প্রেম হয় না? তোমরা কি নিতান্ত তাঁহার প্রেম ও দয়াকে তুচ্ছ করিবা? ও ঈশ্বরের পুত্রকে কি পদতলে দলাইবা? আর নিয়মের রক্তকে ঘৃণা ও অনুগ্রহের আত্মাকে পরিত্যাগ করিবা। এই২ সকল দারুণ পাপেতে না জানি কত দণ্ড হইবে; হে ভাই সকল, এখনও তোমরা স্থির হও২। ঈশ্বরের করুণাতে, ও খ্রীষ্টের মরণীয় প্রেমেতে এবং অনুগ্রহেতে, আর আপনার প্রাণের বহুমূল্যতাতে, ও স্বর্গের অসীম সুখেতে, এবং নরকের অসীম দুঃখেতে আমি তোমাদিগকে কাকুতি বিনতি করি, যেন তোমরা এই সকল পাপাচরণ ছাড়িয়া খ্রীষ্টের শরণ লও, এবং তাহাতে তোমাদের যেন পরকাল রক্ষা হয়।

প্রার্থনা।

ও হে ধর্ম্মময় পরম দয়ালু পিতঃ, তুমি স্বয়ংজীবী ও সচ্চিদানন্দ, আপনার সুখের নিমিত্তে আমাদের

Digitized by Google

কৃত সেবাতে তোমার কিছু প্রয়োজন নাই, আর যাহাতে তোমার অনুগ্রহ পাইতে পারি, এমন গুণ আমাদের কিছুই নাই; কিন্তু ধন্য২ তোমার নাম, যেহেতুক পাপি লোকদের মরণেতে তোমার তুষ্টি নাই, বরঞ্চ তাহারা যে মন নিবিষ্ট করিয়া তোমার প্রতি ফিরিয়া আইসে, তাহাতেই তোমার তুষ্টি। এই নিমিত্তে সকল লোকের মন ফিরাইয়া মঙ্গল সমাচারেতে প্রত্যয় করাইতে প্রেরিতদ্বারা সর্ব্বত্র ডাকিতে পাঠাইয়াছ। এই রূপে তুমি আপনার অসীম প্রেম সমুদয় জগতে বিলক্ষণ রূপে প্রকাশ করিয়াছ, এবং খ্রীষ্ট যে পাপের নিমিত্তে মরিয়াছেন, ইহা স্মরণার্থে আপন মণ্ডলীর মধ্যে প্রভুর ভোজনরূপ এক বিশেষ নিয়ম করিয়া রাখিয়াছ, তন্নিমিত্তে তোমার নামের স্তব স্তুতি ও ধন্যবাদ করি। তাহাতে তোমার যে অসংখ্য অনুগ্রহ, তাহা আমাদিগকে কখন ভুলিতে দিও না। বিশেষত আমরা এই প্রার্থনা করি, যে আমাদিগকে পবিত্র আত্মা প্রদান করুন, যেন তাঁহার ধর্ম্মশিক্ষাতে পাপের নষ্টতা এবং খ্রীষ্টের উত্তমতা দেখিয়া তাঁহাতে আসক্ত থাকি, ও তাঁহার নিয়ম সকল পালন করি। হে অনুগ্রাহক ঈশ্বর, আমরা এত দিন পাপেতে রত হইয়া খ্রীষ্টের আশ্রয় ধরি নাই, এই যে দারুণ অপরাধ, তাহা ক্ষমা কর; এবং অদ্যাবধি যেন সত্য প্রত্যয়ের দ্বারা খ্রীষ্টেতে সংলগ্ন হইয়া সকল ধর্ম্মাচরণেতে নিযুক্ত থাকি। হে সর্ব্বশক্তিমন্ পরমেশ্বর, শয়তানের রাজ্য ধ্বংস কর, এবং তাহার

Digitized by Google

ভিটের উপরে আপনার রাজ্য স্থাপন কর; এবং পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ দিগহইতে সকল লোক আসিয়া খ্রীষ্টের আশ্রিত হউক। এবং এই পৃথিবীতে তোমার সেবা করিলে তোমার স্বর্গেতে অনন্ত সুখের ভাগী হও-নার্থে আমাদিগকে গ্রহণ কর। এই সকল বর প্রভু যীশু খ্রীষ্টের নামেতে আমরা প্রার্থনা করি; আমেন।

৬ ষষ্ঠ অধ্যায়।

প্রভুর ভোজন বিষয়ক প্রশ্নোত্তর।

প্রশ্ন। প্রভুর ভোজন কি?

উত্তর। প্রভুর ভোজন প্রভুকর্ত্তৃক নিযুক্ত খ্রীষ্টিয়ানদের এক বিশেষ নিয়ম; সেই ভোজনে তাহারা একত্র মিলিয়া পরস্পর প্রেমপূর্ব্বক রুটী এবং কিঞ্চিৎ দ্রাক্ষারস ভোজন পান করে।

প্র। এ নিয়মের তাৎপর্য্য কি?

উ। প্রভু যীশু খ্রীষ্টের মরণদ্বারা আমাদের যে পরিত্রাণ, তাহা দেখাইবার জন্যে এই নিয়ম নিরূপিত হইয়াছে। তাহাতে দ্রাক্ষারস ঢালন খ্রীষ্টের রক্তপাত; এবং রুটি ভাঙ্গন তাঁহার ভাঙ্গা শরীর বুঝায়। অতএব অধ্যক্ষ যখন মণ্ডলীর সাক্ষাতে দ্রাক্ষারস ঢালিয়া রুটী ভাঙ্গেন, তখন সে ক্রিয়া এই অভিপ্রায়ে করে, যেন সকল লোক স্মরণ করে, যে যেমন দ্রাক্ষারসের ঢালন ও রুটীর ভগ্ন করণ হয়, তেমনি আমাদের পাপের জন্যে প্রভুর

Digitized by Google

রক্তপাত হইয়াছিল, ও শরীর ক্রুশের উপর ভগ্ন করা গিয়াছিল।

প্র। সে রুটী ও দ্রাক্ষারস খাওয়াতে কি জানান যায়?

উ। খ্রীষ্টকে বিশ্বাসপূর্ব্বক অন্তঃকরণের মধ্যে গ্রহণ করণ। যেমন আহারাদিদ্বারা ইহকালে প্রাণ রক্ষা পায়, তেমনি পারমার্থিক ভাবে খ্রীষ্টের শরীর ও রক্ত ভোজন করিলে অনন্ত পরমায়ু লাভ হয়।

প্র। খ্রীষ্ট এই নিয়ম কবে নিরূপণ করিয়াছিলেন?

উ। যে রাত্রিতে তিনি ক্রুশের উপর হত হওনের জন্যে পরহস্তগত হইলেন, সেই রাত্রিতে। তাহার শাস্ত্রীয় প্রমাণ এই *।

আমি প্রভুহইতে প্রাপ্ত যে উপদেশ তোমাদিগকে দিয়াছি,তাহা এই। পরহস্তগত হওনের রাত্রিতে প্রভু যীশু রুটী লইয়া ঈশ্বরের ধন্যবাদ করিয়া তাহা ভাঙ্গিয়া কহিলেন, ইহা লইয়া ভোজন কর, তোমাদের নিমিত্তে আমার ভগ্ন শরীরস্বরূপ এই রুটী, আমাকে স্মরণ করিবার জন্যে ইহা ভোজন কর। এবং রাত্রিভোজনের পর তেমনি পানপাত্র লইয়া কহিলেন, 'আমার রক্তের দ্বারা স্থিরীকৃত নূতন নিয়মস্বরূপ এই পাত্র; তোমরা যত বার পান কর, তত বার আমার স্মরণ জন্যে করিও।'

প্র। কি কারণ সে নিয়ম পুনঃ২ পালন করিতে হয়?

উ। খ্রীষ্ট ও তাঁহার অকথ্য যন্ত্রণা ও তাহাতে আমাদের যে ত্রাণ, এই সকল আমাদের মনে সতত

* ১ করিন্থীয় ১১:২৩-২৫।

Digitized by Google

স্মরণ থাকিবার জন্যে প্রভু আপনি বলিলেন, ইহা আমার স্মরণার্থে করিও।

প্র। যাহারা খ্রীষ্টিয়াননামে বিখ্যাত হয়, তাহারা কি সকলেই ইহার অধিকারী?

উ। না, কেবল যাহারা সত্য বিশ্বাস দ্বারা অন্তঃকরণের সহিত খ্রীষ্টকে গ্রহণ করিয়া তাঁহার আজ্ঞা সকল মানিতে চেষ্টা করে, তাহারাই এই নিয়মের অধিকারী; কিন্তু যাহারা কাল্পনিক রূপে সেই সকল ক্রিয়া করে, তাহারা ঈশ্বরের কাছে কদাচ গ্রাহ্য হইবে না; যেমন লিপি আছে, যে কেহ অযোগ্য রূপে প্রভুর এই রুটী ভোজন করে, কিম্বা এই পাত্রে পান করে, সে প্রভুর শরীরের এবং রক্তের দোষী হইবে। *।

প্র। এই নিয়ম পালন করিবার পূর্ব্বে কি২ করা উচিত?

উ। মন পাপহইতে ঈশ্বরের প্রতি ফিরিয়াছে কি না, আর খ্রীষ্টের প্রতি বিশ্বাস ও প্রেম আছে কি না, ইত্যাদি বিষয়ে অগ্রে আপনাকে পরীক্ষা করা উচিত। কারণ শাস্ত্রে লিপি আছে, মনুষ্য অগ্রে আপনার পরীক্ষা করিয়া অশ্চাৎ এ রুটী ভোজন করুক ও এ পাত্রে পান করুক। যে জন অযোগ্য রূপে ভোজন পান করে, সে প্রভুর শরীরের বিষয়ে বিবেচনা না করাতে ভোজন পান করিয়া আপনার দণ্ড জন্মায় †।

---

* ১ করিন্থীয় ১১; ২৭।

† ১ করিন্থীয় ১১; ২৮, ২৯।

Digitized by Google

প্র। প্রভুর ভোজনেতে আমরা কি বিশেষ উপদেশ পাই?

উ। পাপী দীনহীন লোকের নিমিত্তে তিনি স্বর্গহইতে নামিয়া আপনার প্রাণ ত্যাগ করিয়াছেন, তাঁহার এই অসৎখ্য প্রেম প্রকাশ পায়। আমরা তাঁহার অপূর্ব্ব অদ্ভুত প্রেম অনায়াসে বিস্মৃত হইব, তাহা তিনি নিশ্চয় জানিলেন; অতএব সেই প্রেম স্মরণার্থে তিনি এই নিয়ম স্থির করিয়া জগতের শেষ পর্য্যন্ত স্থায়ী করিলেন।

প্রার্থনা।

হে সর্ব্বশক্তিমন্ পরমেশ্বর, তুমি সর্ব্বজ্ঞ; যেন আমরা আপন২ পরিত্রাণের পথ না ভুলি, এই হেতু সকল ধর্ম্মক্রিয়া আমাদিগকে শিক্ষা দিতে পবিত্র আত্মাকে প্রদান কর; তাহাতে তিনি আমাদের অন্তঃকরণে বাস করিয়া আমাদের চেতনা জন্মাইয়া খ্রীষ্টের স্মরণ করিতে প্রবৃত্তি দিবেন। এবং মণ্ডলীর মধ্যে যে২ নিয়ম তুমি স্থির করিয়াছ, সে সকল যেন আমরা যোগ্য রূপে পালন করি; এবং আমরা আপনাদের পাপ স্বীকার করিয়া খ্রীষ্টের মরণেতে যেন তাহার ক্ষমা যাচ্ঞা করিয়া মার্জ্জনা প্রাপ্ত হই। ওহে ঈশ্বর, তাঁহার অনুগ্রহের দ্বারা আমাদের এই সকল দোষ ঘুচাও, কেননা আমরা আপনাদের নামে যাচ্ঞা করি না, কিন্তু প্রভু যীশু খ্রীষ্টের নামে এই সকল হউক। আমেন।

Digitized by Google

৭ সপ্তম অধ্যায়।

প্রভুর ভোজন বিষয়ক ধ্যান।

প্রথম ধ্যান, ঈশ্বরের প্রেম। ১ যোহন ৩; ১।

দেখতো পিতা আমাদিগকে কি প্রকার প্রেম প্রদান করিয়াছেন, তাহা আমরা প্রভুর এই নিয়মেতেই অতি সুস্পষ্ট রূপ দেখিতে পাই। আহা এ কি আশ্চর্য্য দয়া! দেখ, ঈশ্বর আপন প্রিয় পুত্রকে রক্ষা না করিয়া আমাদের ত্রাণের কারণ সমর্পণ করিলেন। এবং সেই খ্রীষ্টেরই বা কি পর্য্যন্ত প্রেম! দেখ, দুর্গতিপ্রাপ্ত যে আমরা আমাদের জন্যে তিনি ক্রুশীয় মৃত্যু স্বীকার করিলেন। কেবল তাহা নয়, কিন্তু আপনি মরণাপন্ন হইয়া আমাদিগকে স্মরণ করিয়া আমাদের উপকারার্থে এই নিয়ম স্থির করিলেন, এই প্রকার অদ্ভুত প্রেম জগতের মধ্যে নিতান্তই কখন দেখা যায় নাই।

খ্রীষ্ট পাপি লোকদের কারণ মরিয়াছেন, এই কথা পাপেতে খেদকারির অন্তঃকরণে যেমন সান্ত্বনা জন্মায়, তেমন আর কোন কথাই নয়। খ্রীষ্ট কর্তৃক যে পরিত্রাণ, তাহাতে সাধু ব্যক্তি লক্ষ২ আশ্চর্য্য অনায়াসে দেখিতে পায়; কারণ তাহাতে পাপের গুণ আর ঈশ্বরের সহিত মিলন হয়। বরঞ্চ ঐহিক সকল পাপের বিড়ম্বনা হইতে মুক্তি পাইয়া অবশেষে স্বর্গের সকল সুখের অধিকারী হয়।

Digitized by Google

অতএব প্রত্যেক সত্য বিশ্বাসী বলুক, যিনি আমাদিগকে ঘোর বিপদহইতে উদ্ধার করিতে আপন প্রিয় পুত্রকে পাঠাইয়া দিয়াছেন, আমাদের সেই স্বর্গস্থ পিতা ধন্য; এবং যিনি আপনি আমাদের জন্যে স্বেচ্ছাপূর্ব্বক ক্রুশীয় যন্ত্রণা স্বীকার করিয়াছেন, সেই যীশু ধন্য। তিনি আমাদের জন্যে কি করিয়াছেন, ও কি করিতেছেন, ও কি করিবেন, এই সকল বিবেচনা করিলে আমরা যে তাঁহাকে প্রেম না করি, এমন কোন মতেই হইতে পারে না। আরও দেখ, নরকহইতে আমাদিগকে উদ্ধার করিবার নিমিত্তে তিনি আপনার প্রাণ দিয়া আমাদিগকে শান্তি ও সুখ দিয়াছেন। অপরাধেতে ও পাপেতে মৃত আমাদিগকে তিনি বাঁচাইয়াছেন। পূর্ব্বে আমরা খ্রীষ্ট ও ঈশ্বর বর্জ্জিত এবং স্বর্গের অনধিকারী ছিলাম, কিন্তু তিনি সেই ঘোর বিপদ ঘুচাইয়া আমাদিগকে সকল প্রকার মঙ্গল দিয়াছেন। ও হে যীশু, তোমার পবিত্র আত্মাকে প্রদান কর, তাহাতে আমার মন তোমার উপর নিত্য২ স্থির হইয়া তোমার বিষয় ধ্যান করিবে, এবং এই নিয়মেতে তোমার অতুল্য প্রেম প্রকাশদ্বারা আমার অন্তঃকরণ আর্দ্র হইলে আমি আরও অধিক রূপে তোমার প্রেমে প্রেমী হইব।

দ্বিতীয় ধ্যান।

যিরিমিয় ভবিষ্যদ্বক্তার বিলাপ, ১; ১২।

"হে এই স্থানের নিকট দিয়া গমনকারি, তোমরা সকলে

Digitized by Google

অবলোকন কর, এ কি তোমাদের দৃষ্টিতে কিছুই নয়? দেখ, ঈশ্বর আপন প্রচণ্ড ক্রোধের দিনে যে দুঃখেতে আমাকে দুঃখিত করিয়াছেন, আমার প্রতি কৃত সে দুর্গতির তুল্য কি কোন দুর্গতি হইয়াছে?"

ত্রাণ সিদ্ধ করণার্থে প্রভু যীশু খ্রীষ্ট যে দুঃখ সহিয়াছেন, প্রভুর ভোজন সময়ে তাহা ধ্যান করা আমাদের উচিত; কেননা তাঁহার অত্যন্ত দুঃখ আমাদের সকল সুখের মূল। যে দিনে তিনি আমাদের পাপের ফলভোগ করিলেন, সেই দিন পাপের প্রতি পরমেশ্বরের প্রচণ্ড ক্রোধের দিন ছিল; এবং সে দিন যদি না আসিত, তবে আমাদের পরিত্রাণের দিনের উদয় কখন হইত না; এবং "সর্ব্বোপরিস্থ পরমেশ্বরের প্রতি গৌরব ও পৃথিবীতে শান্তি হউক," এই মত প্রকার মঙ্গলধ্বনি স্বর্গদূতের দ্বারা কখন ঘোষণা করা যাইত না। দেখ, তাঁহার সেই দিবস আমাদের প্রতি পরমেশ্বরের অমূল্য অনুগ্রহের দিন হইয়াছে, কেননা তাহাতে তিনি আমাদের প্রতি আপন প্রেমের উত্তমতা জানাইয়া দিয়াছেন; কারণ যে কালে আমরা পাপিষ্ঠ ছিলাম, এমন কালে তিনি আমাদের জন্যে মরিলেন। অহো এ কি আশ্চর্য্য প্রকরণ! যে দিনে আপন অদ্বিতীয় পুত্রের প্রতি ঈশ্বরের প্রচণ্ড ক্রোধ হইল, সেই দিনে আমাদের প্রতি তাঁহার অপূর্ব্ব প্রেম প্রকাশ হইল। দেখ, পাপী দীনহীন যে আমরা, আমাদের বিরুদ্ধে প্রজ্বলিত আপন প্রচণ্ড ক্রোধকে তিনি আমাদিগেতে নিষ্ফল করিয়া পুত্রেতে সফল করিলেন।

Digitized by Google

অতএব হে প্রিয় লোকেরা, তোমরা তাঁহার নিকটে যাইয়া তাঁহার দুঃখের বিষয় কি বুঝ? দেখ, যদি মনুষ্যের শাস্তি ক্লেশদায়ক হয়, তবে পরমব্রহ্মের কোপরূপ দণ্ড কত বড় হইবে? অবশ্য তাহাতে যে দুঃখ হয়, সে অতুল্য, কেননা যে দুঃখ প্রভু সহিয়াছেন, তাহার তুল্য দুঃখ পৃথিবীতে ও নরকের মধ্যে পাওয়া যায় না। সেখানে সকল লোক আপন২ পাপের ফলভোগ করে, কিন্তু প্রভু যীশু খ্রীষ্ট আপন আশ্রিত সকল লোকের সকল পাপের ফল একত্র করিয়া আপনি ভোগ করিলেন; এবং পরমেশ্বর পাপের নিমিত্তে আমাদের প্রত্যেক জনের প্রতি যে ক্রোধের যিশি ঢালিয়া দিতেন, সেই সকল একত্র করিয়া একেবারে খ্রীষ্টের উপরে ঢালিয়া দিলেন। এবং প্রিয় ত্রাণকর্ত্তার কি পর্য্যন্ত প্রেম ও ধৈর্য্য, তাহা দেখ; আকাশে ঘোর অন্ধকারময় মেঘহইতে পরমেশ্বরের যে ক্রোধ নির্গত হইল, তাহা তিনি সাহসপূর্ব্বক স্থিরদৃষ্টি করিয়া গ্রহণ করিলেন; কিন্তু যাবৎ তাহার শেষ বিন্দুমাত্র গ্রহণ না হইল, তাবৎ স্থির হইয়া রহিলেন; পরে 'সমাপ্ত হইল', এই কথা বলিয়া প্রাণত্যাগ করিলেন।

হে প্রিয় খ্রীষ্টীয়ান বন্ধু বান্ধবেরা, তাঁহার এই মত শোক ব্যথা ইত্যাদি হইল কেন? কেবল আমাদের জন্যে, কেননা তিনি আমাদের প্রতিনিধি হওয়াতে আমাদের পাপের ফল তাঁহার উপর আরোপিত হইল, এবং তাঁহার সঞ্চিত পুণ্য আমাদের অধিকৃত

Digitized by Google

হইল। অপর যে দুঃখ ও ব্যথা আমাদিগকে সহিতে হইত, সেই দুঃখ ও সেই ব্যথা তিনি সহিলেন; তাহাতে 'তিনি আমাদের দুর্ব্বলতা সকল ধারণ করিলেন, ও আমাদের ব্যাধি সকল লইলেন,' এই শাস্ত্রোক্তি সফল হইল। তবে যাহার মন এ কথাতে গলিয়া না যায়, আমাদের মধ্যে এমন কে আছে? এই দয়ার কথা আমরা কি প্রেম রহিত হইয়া শুনিতে পারি? দেখ, তাঁহার মরণ সময়ে যখন তিনি ক্রুশেতে টাঙ্গান গিয়াছিলেন, তখন যিহূদীয় লোকেরা তাঁহাকে ব্যঙ্গ বিদ্রূপ করিল, এবং পথগামি লোকেরা 'যদি তুমি ঈশ্বরের পুত্র হও, তবে ক্রুশহইতে নাম,' মস্তক নাড়িয়া এই প্রকার উপহাস করিল। আরও যখন তিনি গেৎশিমানি নামক বাগানেতে অসংখ্য ব্যথা প্রযুক্ত মহাকাতর হইয়া রক্তের ন্যায় ঘর্ম্মাক্ত হইলেন, তখন তাঁহার তিন জন শিষ্য তিন বার নিদ্রা গেল; কিন্তু দেখ, আমাদের পরিত্রাণের যে২ বাধা ছিল, তাঁহার জয়যুক্ত প্রেম সে সকলকে নষ্ট করিয়া জয়ী হইয়া উঠিল। তবে প্রত্যেক লোকে বলুক, হে যীশু, তোমার প্রেমরূপ রজ্জুতে আমাকে বদ্ধ করিয়া আপনার প্রেমের প্রেমী করিয়া আপনার নিকটে রাখ।

তৃতীয় ধ্যান।

লূক ২২; ৪৪।

পরে তিনি যন্ত্রণাতে ব্যাকুল হইয়া আরও দৃঢ় রূপে

Digitized by Google

প্রার্থনা করিলেন, তাহাতে রক্তের বড় ফোঁটার ন্যায় তাঁহার ঘর্ম্ম ভূমিতে পড়িতে লাগিল।

সম্প্রতি আমরা গেৎশিমানি নামে বাগানেতে প্রভুর যন্ত্রণা ভোগ দেখিতে নিমন্ত্রিত আছি; তবে আইস, হে খ্রীষ্টীয়ান বন্ধুরা, আমরা এই অদ্ভুত দর্শন দেখিতে যাই। যিনি তোমাদের ভারেতে কোঁকাইতেছেন, ও তোমাদের অপরাধেতে রক্তপাত করিতেছেন, তিনিই তোমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর। যিনি সেই যন্ত্রণাতে বিমগ্ন ও রক্তপাতযুক্ত, তাঁহার প্রতি অবলোকন কর। যে রাত্রিতে তিনি এত দুঃখ সহিলেন, সেই রাত্রিতে অতিশয় শীত ছিল; সে এমন দারুণ শীত, যে প্রধান যাজকদের ভৃত্যেরা কয়লার অগ্নি করিয়া তাপ লইতেছিল। এমন রাত্রিতে সেই দয়ালু যীশু আমাদের পাপপ্রযুক্ত আত্যন্তিক বেদনাগ্রস্ত হইলেন। ইহার বিষয়ে ধর্ম্মশাস্ত্রে লিপি আছে, যে আমাদের অপরাধ প্রযুক্ত তিনি যৎপরোনাস্তি যাতনা পাইলেন, এবং তাঁহার ধন্য শরীরের প্রত্যেক লোমকূপহইতে রক্ত বাহির হইয়া শীত প্রযুক্ত জমা হইয়া বড় ২ ফোঁটা টস্‌টস্ করিয়া ভূমিতে পড়িতে লাগিল। আইস, ভাই সকল, এমন দুর্দ্দশাগ্রস্ত আমাদের প্রভুকে দেখি। দেখ, তিনি আপনা আপনি আমাদের পাপের নিমিত্তে দ্রাক্ষাযন্ত্রের ন্যায় ঈশ্বরের কোপে পেষিত হইলেন, এবং জগতের অপরাধের ফলভোগ করিতে রক্তেতে ও শোকেতে ডুবিত হইলেন।

Digitized by Google

পাপ পুঞ্জমত মানুষকে ঘর্ম্মাক্ত করিল, কিন্তু নিরপরাধী যীশু যখন পাপের শাস্তি ভোগ করিতে গেলেন, তখন সে তাঁহাকে ঘর্ম্মের ন্যায় রক্তাক্ত করিল। অতএব আমাদের এই প্রার্থনা করা উচিত, যে ওহে ধন্য প্রিয় ত্রাণকর্ত্তা যীশু, গেৎশিমানি নামে বাগানেতে তোমার যন্ত্রণার বিষয় যেন আমাদের মধ্যে প্রতি দিন চিন্তিত হয়, এবং আমরা যেন সেই যন্ত্রণার ফল দৃঢ় বিশ্বাসের দ্বারা প্রাপ্ত হই।

আহা, তাঁহার যন্ত্রণা ও দয়া ও করুণা ইত্যাদির সীমা কে আমাদিগকে দেখাইতে পারে? কেননা সে সর্ব্ব প্রকারে অকথ্য ও বুদ্ধির অগম্য। দেখ, ধর্ম্মগ্রন্থের এক জন রচনাকারী যে মথি, তিনি এই মত লিখেন, যে তৎকালে খ্রীষ্ট শোকাকুল ও অত্যন্ত ব্যথিত হওয়াতে মৃত্যু যন্ত্রণার ন্যায় তাঁহার প্রাণের অত্যন্ত যন্ত্রণা হইল। এবং মার্কও কহেন, যে তিনি অত্যন্ত ত্রাসযুক্ত ও ব্যাকুল হইয়া কহিলেন, মৃত্যুকালের ন্যায় আমার প্রাণ অতিশয় দুঃখিত হইতেছে। এবং লূক কহেন, তিনি অত্যন্ত শোকাকুল হইয়া রক্তাক্ত হইলেন। অতএব সম্প্রতি পূর্ব্বোক্ত কথার বিবেচনার দ্বারা বিশ্বাস পাইয়া জিজ্ঞাসা করি, এই সকল হইল কেন? না আমাদিগের রক্ষার জন্যে। কেননা যখন তিনি প্রেম প্রযুক্ত স্বেচ্ছাপূর্ব্বক আমাদের জামীনদার হইলেন, তখন পরমেশ্বর আমাদের পাপের সকল ফল তাঁহাতে বর্ত্তাইলেন, এবং তাহার উপযুক্ত

Digitized by Google

শান্তি তাঁহাকে দিলেন। অতএব সমুদায় জগৎকে ঘোর নরকে মগ্ন করিবে যে ঈশ্বরের ক্রোধ, তাহার ভার তাঁহার উপরে পতিত হওয়াতে তিনি এমত শোকাকুল হইলেন। তবে দেখ, আমাদের নিমিত্তে যিনি এই মত দুঃখগ্রস্ত হইলেন, তাঁহার বৃত্তান্ত শুনিয়া আমরা কি খেদ রহিত হইব? আহা যাঁহার মৃত্যুতে আকাশের দীপক চন্দ্র সূর্য্যাদি অন্ধকারাবৃত হইল, ও যাঁহার চেঁচানেতে পর্ব্বত সকল ফাটিয়া গেল ও পৃথিবী কাঁপিতে লাগিল, ও যাঁহার মরণেতে সকল সৃষ্টিই খেদাপন্ন হইল, তাঁহার এই প্রকার মরণে মনুষ্য যে আমরা, আমাদের মন কি কঠিন থাকিবে? এবং তাঁহার বিষয় আমরা কি সজল চক্ষু ব্যতিরেক ধ্যান করিতে পারিব? যাহাতে পর্ব্বত ফাটিয়া গেল, তাহাতে আমাদের অন্তঃকরণ কি দ্রব হইবে না? ওহে যীশু, এমন যেন না হয়; ওহে ত্রাণকর্ত্তা, আপন প্রতিজ্ঞা স্মরণ করিয়া পবিত্র আত্মাকে প্রদান কর; আমরা সকলে যাঁহাকে পাপরূপ বড়শা দিয়া বিন্ধিয়াছি, তাঁহার প্রতি যেন অবলোকন করি। যেমন কেহ এক পুত্রের পিতা হইয়া তাহার মরণ বিষয়ে শোক করে, তেমনি আমরা যেন তাঁহার মরণ বিষয়ে শোক করি; এবং প্রথমজাত পুত্রের মরণ বিষয়ে যেমন কেহ তিক্তমনা হয়, তেমন আমরাও যেন তাঁহার মরণ বিষয়ে তিক্তমনা হই।

Digitized by Google

চতর্থ ধ্যান।

লূক ২৩ ; ৩৩।

মাথাকুলি নামক স্থানেতে উপস্থিত হইয়া তাহারা তাঁহাকে ক্রুশেতে বিদ্ধ করিল, এবং দুই অপরাধির এক জনকে তাঁহার দক্ষিণ পার্শ্বে, আর জনকে বাম পার্শ্বে ক্রুশে বিদ্ধ করিল।

পাপের প্রতি পরমেশ্বরের আত্যন্তিক যে ক্রোধ, তাহার প্রমাণ যদি আমরা দেখিতে চাই, তবে কাল্‌বরি (মাথাখুলি) নামে পর্ব্বতে যাইতে হয়, কেননা সেখানে জীবনের রাজা যে খ্রীষ্ট, তিনি পাপের নিমিত্তে কোঁকাইলেন, ও তাহার ফলভোগ করিয়া রক্তপাত পুর্ব্বক প্রাণত্যাগ করিলেন। পাপের নিমিত্তে স্বর্গদূতের স্বর্গহইতে বহিষ্করণ, আর এদন্ বাগানহইতে আদমকে দূরী করণ, এবং পৃথিবীকে জলপ্লাবন করণ, ও সিদোমাদি সহরকে সগন্ধক অগ্নিবৃষ্টিদ্বারা দগ্ধ করণ, ইত্যাদি নানা প্রকার ক্রিয়াতেও ঈশ্বরের ক্রোধ প্রকাশ পায় বটে; কিন্তু যখন তিনি আপন প্রিয়তম পুত্রকে পাপের নিমিত্তে মরিতে দিলেন, তখন পাপের প্রতি তাঁহার যে অতি বড় ক্রোধ, তাহা অন্য সকল প্রমাণ হইতেও অধিক রূপে স্পষ্ট প্রকাশ পাইল। নির্দ্দয় যিহূদী লোকেরা তাঁহার সেই পুত্রকে গেৎশিমানি নামে বাগানে চোর ধরিবার মত লাটি ও খড়্গ লইয়া ধরিতে যায়, এবং আত্যন্তিক অপরাধির ন্যায় তাহাকে য়িরূ-

Digitized by Google

শালম্ সহরের রাস্তায় ২ টানিয়া লইয়া ক্রুশেতে টাঙ্গাইল ও রক্তপাতযুক্ত করিল। এই দুরবস্থাগ্রস্ত তাঁহাকে দেখিয়া আইস, আমরা এই রূপ বিবেচনা করি, যে আমাদিগকে এই প্রকার লজ্জা ও যাতনা ও ক্লেশকর মৃত্যু এবং নরকীয় অনন্ত যন্ত্রণা সহিতে হইত, কিন্তু তিনি দয়ালু হইয়া আমাদের পরিবর্ত্তে তাহা ভোগ করিয়াছেন। তাহাতে তাঁহার ধন্য কপোল বিধাঁ গেল, কেননা তাহারা কাঁটার মুকুট নির্ম্মাণ করিয়া তাঁহার মস্তকে দিল; তৎকালে তাঁহার মুখ অন্য লোকদের মুখ অপেক্ষা ও তাঁহার আকৃতি মনুষ্যদের সন্তানদের আকৃতি অপেক্ষা এমন বিষণ্ন হইল, যে তাঁহাকে দেখিয়া অনেক লোক চমৎকৃত হইল *। পরন্তু তিনি প্রহারকদিগকে আপন পৃষ্ঠ ও শ্মশ্রু উৎপাটকদিগকে আপন গাল পাতিয়া দিলেন, এবং লজ্জা ও থুথুহইতে আপন মুখ আচ্ছাদন করিলেন না †। অপর প্রেকদ্বারা তাঁহার হাত পা ক্রুশ কাষ্ঠেতে বিঁধা গেল। সেই ক্রুশীয় মৃত্যু অতি বড় ব্যথাদায়ক ছিল; কারণ ক্রুশ কাষ্ঠের উপরে তাঁহার শরীর বিস্তার করিয়া হাত পা প্রেক দিয়া বিন্ধিল; পরে তাঁহাকে প্রেকের দ্বারা দৃঢ় রূপে বদ্ধ করিয়া সেই ক্রুশকে ঊর্দ্ধে উঠাইয়া রাখিল, তাহাতে তাঁহার সকল শরীর লড়চড় হওয়াতে ও প্রেকবিদ্ধ সকল স্থানে বড় ২ ছিদ্র হওয়াতে রক্তের ধারা বাহুল্য রূপে পড়িতে লাগিল;

* যিশায়িয় ৫২ : ১৪।

† যিশায়িয় ৫০ ; ৬ ।

Digitized by Google

ইহাতে তাঁহার বেদনা কত বড় হইল, ইহা বিবেচনা করা উচিত। এই প্রকারে রক্তপাত হইতে২ ক্রমে২ তাঁহার বলের হ্রাস হইতে লাগিল, এবং নানা প্রকার অকথ্য যন্ত্রণা পাইতে২ যাবৎ তাঁহার প্রাণত্যাগ না হইল, তাবৎ ক্রুশের উপর তিনি টাঙ্গান রহিলেন।

অপর সেই ক্রুশীয় মৃত্যু বড় লজ্জাজনকও ছিল, কেননা সে কেবল দাসাদি অত্যন্ত নীচ অপরাধির নিমিত্তে নিয়মিত ছিল। দেখ, যে কেহ ক্রুশে বিদ্ধ হয়, তাহার লজ্জা জন্মাইবার নিমিত্তে সকলের সাক্ষাতে তাঁহার বস্ত্র খসাইয়া লয়, এবং সে যে স্বর্গের ও পৃথিবীরও অযোগ্য পাত্র, তাহা জানাইবার নিমিত্তে ও তাহাকে সকলের হাস্যাস্পদ করিবার জন্যে মরণকালে তাহাকে শূন্যে উঠায়। প্রভু যীশু খ্রীষ্ট নিরপরাধী হইলেও এমন ক্লেশ ও লজ্জাজনক ক্রুশযন্ত্রেতে হত হইলেন, কেবল তাহা নয়; লোক সকল যেন তাঁহাকে অতিশয় অপরাধী বোধ করে, এই জন্যে তাহারা তাঁহাকে দুই হত্যাকারির মধ্যে রাখিয়া ক্রুশেতে বধ করিল। অপর সেই ক্রুশীয় মৃত্যু অভিশাপযুক্তও ছিল, যেমন লিপি আছে, যে জন বৃক্ষের উপরে টাঙ্গান যায়, সে শাপগ্রস্ত। যাহারা এই মৃত্যু সহিয়াছিল, তাহারা সকলে ঈশ্বরের অসন্তোষকারক এবং তাঁহার অভিশাপের অধীন, ইহা বিচারকর্ত্তারা জানিয়া তাহাদিগকে ঐ ক্লেশকর মৃত্যু ভোগ করিতে সমর্পণ করিত। অতএব খ্রীষ্ট যখন আমাদের পাপের ফল ভোগ করিলেন, তখন আমাদের পরিবর্ত্তে অভিশাপের ফল ভোগ করিলেন।

Digitized by Google

প্রার্থনা।

ওহে ধন্য যীশু, তোমার এই সকল ক্রিয়াতে আমরা কি বলিব? আপনি আমাদের জন্যে ক্রুশীয় লজ্জাকে তুচ্ছ করিয়া তাহার দুঃখ সহিষ্ণুতা করিলেন, এ কি পর্য্যন্ত অনুগ্রহ ও অদ্ভুত দয়া! হে পাপি সকল, তাঁহার হাত ও পা এবং কাঁকাইলহইতে বহুমূল্য রক্তের ধারা বহিতেছে। দেখ, কেবল তোমাদের জন্যে রক্তের এই স্রোত বহিতেছে, এবং তিনি তোমাদেরই জন্যে কোড়া ভোগ করিলেন ও তোমাদেরই জন্যে কাঁটার মুকুট ধারণ করিলেন। তোমাদেরই জন্যে ক্রুশীয় লজ্জা ও শাপ ও যন্ত্রণা ইত্যাদি ভোগ করিয়া প্রাণত্যাগ করিলেন। তবে দেখদেখি, তিনি আমাদিগকে অশেষ নরকের দুঃখহইতে উঠাইয়া স্বর্গের অনন্ত সুখে লইয়া যাইতে আপনার হস্ত বিস্তার করিয়াছেন। অতএব আইস, আমরা সকলে প্রিয় ত্রাণকর্ত্তার নিকটে যাই; তাঁহার ক্রুশের তলে আমরা এই দুই শিক্ষা পাইতে পারি, প্রথমে যে তাঁহার প্রতি প্রেম করা ও তাঁহার আজ্ঞাবহ হওয়া আমাদের উচিত; দ্বিতীয় যে তাঁহার প্রহারক পাপ সাহসপূর্ব্বক নষ্ট করা উচিত। ওহে ধন্য ত্রাণকর্ত্তা, তোমার প্রহারক যে আমাদের পাপ, তাহাকে অন্তঃকরণহইতে বাহির করিয়া তোমার সম্মুখে রাখিয়া নাশ করিতে আমাদের সহায়তা কর; এবং যে সকল পাপ তোমাকে এত ক্লেশ দিয়াছে, তাহার মধ্যে একের প্রতিও যেন আমাদের দয়া না থাকে।

Digitized by Google

৫ পঞ্চম ধ্যান।

সলেমানের পরমগীত ২ ; ৩।

বন বৃক্ষের মধ্যে যেমন জামীর বৃক্ষ, তেমনি যুবাদের মধ্যে আমার প্রিয়। আমি পরম সন্তুষ্ট হইয়া তাহার ছায়ায় বসিলাম, ও তাহার ফল আমার মুখে মিষ্ট লাগিল।

ধর্ম্মশাস্ত্রের মধ্যে প্রভু যীশু খ্রীষ্টকে প্রেমজনক নানা উপাধিতে দেখান যায় ; কখন ২ তিনি মেষপালক রূপে বিখ্যাত হন, এবং সেই ব্যবসায়েতে তাঁহার দয়ারূপ সাবধানতার বিষয়ে ভবিষ্যদ্বক্তারা এই মত লিখিয়াছে, যে তিনি মেষপালের মত আপন পাল চরাইবেন, ও তাহার শাবকদিগকে স্বহস্তে সংগ্রহ করিয়া বক্ষস্থলে বহিবেন, ও তাহার দুগ্ধদায়িনি মাতাদিগকে ধীরে ২ লইয়া যাইবেন *। আর অন্য ২ সময়ে কোন মহারাজ যেমন আপনার শত্রুদের উপরে জয়ী হইয়া আপন প্রিয় লোকদের প্রতি আপনাকে দেখাইবার কারণ পথ সকল পরিষ্কার করিয়া খুলিয়া দেয়, তদ্রূপ তিনিও দৃষ্ট হন।

সম্প্রতি যে শাস্ত্রের কথা বিস্তার করা যাইতেছে, তাহাতে যাহার শাখার নীচে সন্তপ্ত লোকেরা স্নিগ্ধচ্ছায়া ও মিষ্ট ফল পায়, এমত জামীর বৃক্ষের সহিত তাঁহার তুলনা আছে ; অতএব এই সকল শ্লিষ্টরূপে দেখাইবার জন্যে আমরা এইক্ষণে জামীর বৃক্ষের সহিত খ্রীষ্টের তুলনা কি

* যিশায়িয় ৪০ ; ১১।

Digitized by Google

রূপে হয়? আর তাঁহার স্নিগ্ধচ্ছায়াই বা কি রূপ? এবং তাঁহার মিষ্ট ফলই বা কেমন? এবং তাহা পাইবার নিমিত্তে আমাদের কি কর্ত্তব্য? এই চারি বিষয় ক্রমে২ দেখাইতেছি।

১। জামীর বৃক্ষের সহিত খ্রীষ্টের তুলনা কি রূপে হয়?

যেমন বন্য বৃক্ষ সকলের মধ্যে জামীর বৃক্ষ প্রশংসনীয়, তদ্রূপ মনুষ্যই হউক কিম্বা স্বর্গীয় দূতই বা হউক, খ্রীষ্ট সকলহইতে শ্রেষ্ঠ; কেননা স্বর্গে পরমেশ্বরের সহিত কে উপমা ধরিতে পারে? ও বলবান লোকদের সন্তানদের মধ্যে পরমেশ্বরের তুল্য বা কে আছে? যেমন সকল বন্য বৃক্ষের সহিত জামীর বৃক্ষের তুলনা দেওয়া, তেমনি স্বর্গের সহিত খ্রীষ্টের তুলনা দেওয়াতে কি হয়? তিনি দশ সহস্রের মধ্যে প্রিয়, এবং সর্ব্বতোভাবে প্রধান; আর স্বর্গেতে তাঁহার সিংহাসনের চতুর্দ্দিকে স্থিত যে কোটি২ দূত ও তেজঃপুঞ্জ ধার্ম্মিক লোক, তাহারা সকলে কেবল তাঁহার সেবকমাত্র। এবং নীচে চন্দ্র সূর্য্য আদি স্থাবর জঙ্গম পর্য্যন্ত সকলি তাঁহার সৃষ্ট বস্তু। তিনি পিতা পরমেশ্বরের মহিমার তেজ ও তাঁহার মূর্ত্তিস্বরূপ; তাঁহার নাম আশ্চর্য্য ও মন্ত্রী, ও বলবান্ ঈশ্বর ও অনন্তকালীয় পিতা, ও শান্তিরূপ রাজা।

২। খ্রীষ্টের আশ্রয় বিষয়ক কথা এই ক্ষণে কহা যাইতেছে। পূর্ব্বে বৃক্ষের সহিত খ্রীষ্টের তুলনা ছিল, তাহাতে ছায়া ও ফলদাতৃত্ব এই দুই গুণ পাওয়া গেল।

ছায়ার গুণ উত্তপ্ত লোকদিগকে স্নিগ্ধ করণ; এবং খ্রীষ্ট

Digitized by Google

ঈশ্বরের ক্রোধ নিবারণের নিমিত্তে এমন ছায়ার মত আশ্রয়স্বরূপ হইয়াছেন। নিজ২ পাপেতে খেদকারি পাপিলোকদিগকে ঈশ্বরের ক্রোধ উত্তপ্ত করে; পাপের প্রতি পরমেশ্বরের কোপানল সূর্য্যের তাপের ন্যায় সন্তাপকারী হয়। দেখ, জগতের মধ্যে সূর্য্য আলোর ও গ্রীষ্মের আকর হওয়াতে সামান্যতঃ সকলের উপকারী বটে, তথাপি কখন২ প্রচণ্ড রৌদ্রদ্বারা সন্তাপজনক হয়; তেমনি যদ্যপি পরমেশ্বরের করুণাতে জগৎ পরিপূর্ণ আছে, তথাপি সেই দয়ালু পরমেশ্বরের ক্রোধ পাপি লোকের বিরুদ্ধে প্রকাশমান হয়। শাস্ত্রের মধ্যে ভস্মকারী অগ্নি এবং জ্বলন্ত অগ্নিকুণ্ডের সহিত সেই ক্রোধের তুলনা হয়; অতএব পরমেশ্বরের ক্রোধ অতিশয় ভয়ঙ্কর। এই জন্যে পাপ বিষয়ক জ্ঞান, ও শয়তানের অগ্নিরূপ বাণ, এবং ঈশ্বরের প্রচণ্ড ক্রোধের কিরণ, এই তিন একত্র হইয়া যখন অন্তঃকরণে উপস্থিত হয়, তখন মনের মধ্যে কত ক্লেশ ও ভয় ও বেদনা জন্মে; এই প্রকার আন্তরিক দুঃখ নিবারণকারি ছায়া লোকেরা তাবৎ জগতে পাইতে পারে না। যে মানুষ পাপের নিমিত্তে ঈশ্বরের ক্রোধে ঝলসিয়া যায়, তাহাকে স্নিগ্ধ করণার্থে জগতের মধ্যে কি উপায় পাওয়া যায়? এমন ব্যক্তি ঐহিকের উপায়েতে স্বাস্থ্য না পাইয়া পারমার্থিক উপায়ের চেষ্টাতে ভ্রমণ করিয়া বেড়ায়। যদ্যপি সে আন্তরিক ভয়াদি দূর করিবার নিমিত্তে সাংসারিক সুখ ও তামাসাদিতে মগ্ন হয়, তথাপি সে সকল কেবল আফিম্

Digitized by Google

খাওয়ার ন্যায়; তাহাতে সে শান্ত হয় না, বরং পশ্চাৎ সেই ভয়াদিতে প্রজ্বলিত হইয়া উঠিবে। তবে এমন দীন-হীন দুর্দ্দশাগ্রস্ত লোকের নিমিত্তে কি কোন উপায় নাই? হাঁ, অবশ্য আছে, ধন্য পরমেশ্বরের নাম, খ্রীষ্ট তাহাদের আশ্রয় ও ছায়াস্বরূপ; অতএব সকল লোক তাঁহার নিকটে আইসুক, কেননা পরমেশ্বরের ক্রোধ ও পাপি লোক এ উভয়ের মধ্যে কেবল তিনিই ব্যবধান আছেন। কোন উত্তাপিত ও ক্লিষ্ট পথিক বিশ্রামার্থে বৃক্ষের ছায়ার আশ্রিত হইলে যেমন সেই বৃক্ষের বিস্তীর্ণ শাখা পল্লবাদি তাহাকে সূর্য্যের প্রচণ্ড রৌদ্রহইতে আচ্ছাদন করিয়া স্নিগ্ধ করে, তেমনি আমাদের দয়ালু প্রভু যীশু খ্রীষ্ট পরমেশ্বরের ক্রোধরূপ সূর্য্যের উত্তাপহইতে আমাদিগকে রক্ষা করিয়া সম্পূর্ণরূপে স্নিগ্ধ ছায়াস্বরূপ হইয়াছেন। কেবল তাঁহাতেই পাপিলোকের বিশ্রাম ও সান্ত্বনা পাওয়া যায়। শাস্ত্রে বলে, যাহারা খ্রীষ্টের বহির্ভূত, তাহাদের মধ্যে পরমব্রহ্ম ভস্মকারী অগ্নির ন্যায় আছেন। কিন্তু খ্রীষ্ট আপন বিশ্বাসকারিদের আশ্রয়; কেননা তিনি আমাদের প্রতিনিধি হইয়া আমাদের পরিবর্ত্তে পরমেশ্বরের কোপানল দণ্ড সহিয়াছেন, আমাদের পাপ সকল তাঁহার উপরে আরোপণ করা গেল, তিনি তাহার ফল সকল সম্পূর্ণরূপে ভোগ করিয়াছেন; ঈশ্বরের অভিশাপহইতে আমাদিগকে রক্ষা করিতে তিনি আপনি শাপগ্রস্ত হইলেন, এই২ রূপে তিনি আমাদের আশ্রয় আছেন। আরও তিনি এই ক্রিয়াতে আমা-

Digitized by Google

দিগকে শয়তানের দৌরাত্ম্যহইতেও রক্ষা করেন। ধর্ম্ম শাস্ত্রে শয়তানের পরীক্ষাদিকে অগ্নিবাণ করিয়া বলে, সেই সকল নিবারণার্থে খ্রীষ্টেতে প্রত্যয়স্বরূপ যে ঢাল, তাহা ধারণ করিতে হয়। এবং জগতের ক্লেশরূপ উত্তাপহইতে আচ্ছাদন করিতে খ্রীষ্ট একটি উত্তম ছায়া আছেন। তিনি আপন শিষ্যদিগকে কহিলেন, এই জগতে তোমাদের ক্লেশ ঘটিবে, তথাচ সাহস কর, যেহেতুক আমি জগৎকে জয় করিয়াছি। তিনি সূর্য্য, ও ঢালস্বরূপ, তিনি অনুগ্রহ ও বিভব প্রদান করিবেন, এবং সরল পথাবলম্বিদের কোন মঙ্গলের অভাব করিবেন না।

৩। ছায়ার বিষয় সংক্ষেপে কহিয়া এই ক্ষণে জামীর বৃক্ষের ফলের বিষয় বর্ণনা করা যাইতেছে।

খ্রীষ্টহইতে যে সকল লাভ হয়, তাহার বর্ণনা কেহ বিশেষরূপে করিতে পারে না; কিন্তু সামান্য রূপে কিছু২ বলা যায়। ইহকালে ও পরকালে যে সকল মঙ্গল হয়, সে সকল কেবল খ্রীষ্টহইতে নির্গত হয়; এই নিমিত্তে তাঁহার আশ্রিত লোকের বিষয়ে শাস্ত্রে কথিত আছে, যে সকলই তাহাদের, এবং তাহারা খ্রীষ্টের, ও খ্রীষ্ট ঈশ্বরের। ইহা বুঝিয়া দেখ, পাপেতে যে সকল মঙ্গল অধিকার হারাইয়াছি, সেই সকল অধিকার আমাদিগকে পুনরায় দিবার নিমিত্তে খ্রীষ্ট আইলেন। তিনি ধর্ম্মশাস্ত্রে জীবনরূপ বৃক্ষ খ্যাত আছেন; সেই বৃক্ষের গুণের কথা এই, যে দ্বাদশ প্রকার ফলদায়ক হইয়া প্রতি মাসে এক২ ফলেতে ফলবান হয়,

Digitized by Google

এবং তাহার পত্রদ্বারা দেশীয় লোকদের সুস্থতা জন্মে। এই উপমাতে খ্রীষ্টের গুণ যে পাপের নানাবিধ পীড়ার শান্তিকারক, ইহা স্পষ্টরূপে দেখা যায়। সেই জীবনদায়ক বৃক্ষের ফলের মধ্যে কিছু২ বলি।

১। তাহার প্রথম ফল পাপের মার্জ্জনা। পাপ সকল বিপদের মূল, এবং মনুষ্য বংশেতে যত বিড়ম্বনা হইতেছে, সকলই পাপহইতে জন্মিয়াছে। পাপদ্বারা ঈশ্বরের ও আমাদের মধ্যে এমন বিপক্ষতা জন্মিয়াছে, যে তাঁহার অদ্বিতীয় পুত্রের রক্তপাত পূর্ব্বক প্রাণত্যাগ ব্যতিরেকে তাহার মোচন হয় না; কিন্তু ধন্য সেই যীশু, কেননা তিনি আমাদের জন্যে আসিয়া সেই দুষ্কর ক্রিয়া সিদ্ধ করিয়াছেন, এবং তাঁহাতে বিশ্বাসের দ্বারা আমাদের ত্রাণের উপায় করিয়া দিয়াছেন। তাহাতে আন্তরিক কি বাহ্য কি স্মরণীয় কিম্বা অস্মরণীয়, যে প্রকার পাপ হউক না কেন, সে সকলের মোচন খ্রীষ্টেতে পাওয়া যায়; কেননা সকলের মার্জ্জনা তাঁহার ক্লেশকর মৃত্যুর দ্বারা উপার্জ্জিত ছিল। শাস্ত্রীয় প্রমাণ এই, তাঁহার রক্তদ্বারা আমরা পরিত্রাণ অর্থাৎ পাপমোচন প্রাপ্ত হইয়াছি*। অতএব পাপ সত্য বিশ্বাসির বিরুদ্ধে বিচারস্থলে কখন সাক্ষ্য দিতে পারিবে না, কেননা খ্রীষ্টের রক্ত সকল পাপহইতে পরিষ্কার করে, এবং যাহারা খ্রীষ্টের আশ্রিত আছে, তাহাদিগেতে দোষ বর্ত্তিবে না। তবে বল দেখি, এ কেমন অমৃত ফল!

* কলসী ১; ১৪।

Digitized by Google

যাহার দ্বারা বিনামূল্যে ও সম্পূর্ণরূপে সকল পাপের অনন্তকালস্থায়ী মার্জ্জনা হয়। ও হে অপরাধি সকল, আইস, এই মিষ্ট ফল পাওনার্থে খ্রীষ্টের নিকট যাই। এবং দেখ দেখি, এই পাপমার্জ্জনারূপ অতুল্য ফলের সহিত জগতের সমস্ত রাজ্যের ও তাহার সকল ঐশ্বর্য্যের তুলনা করিলে কেমন তুচ্ছ বোধ হয়। তবে আইস, প্রার্থনাদ্বারা এই পরম রত্ন লাভের জন্যে খ্রীষ্টের নিকটে যাই। আমাদের সাহস জন্মাইবার নিমিত্তে ধর্ম্মগ্রন্থে এই সান্ত্বনাদায়ক লিপি আছে, হে মনুষ্য ভাই সকল, এই তোমাদিগের গোচর হউক, যে তাঁহার দ্বারা পাপের ক্ষমা তোমাদের প্রতি প্রচার হইতেছে। এবং তোমরা যে২ দোষহইতে মুক্ত হইতে পার না, সে সকল দোষহইতে এই ব্যক্তিতে প্রত্যেক বিশ্বাসকারী মুক্ত হইতে পারে †।

২। দ্বিতীয় ফল ঈশ্বরের সহিত মিলন। পাপির শত্রু যে ঈশ্বর, তিনি খ্রীষ্টেতে বিশ্বাসকারি সকলের বন্ধু হন। যীশু ঈশ্বরের সহিত পাপিলোকের মিলনকর্ত্তা হইয়াছেন; কারণ যাহাতে উভয়ের বিবাদ হয় এমন যে পাপ, তাহাকে তিনি স্বশরীর প্রায়শ্চিত্তদ্বারা দূর করিয়াছেন, অতএব যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, ঈশ্বরের সহিত তাহাদের মিলন হয়। এই ফল ধর্ম্মপুস্তকের মধ্যে স্পষ্ট রূপে লিখিত আছে। যথা 'বিশ্বাসদ্বারা পুণ্যবান গণিত হওয়াতে ঈশ্বরের সঙ্গে আমাদের প্রভু যীশু খ্রীষ্টদ্বারা

† পৌ ১৩; ৩৯।

Digitized by Google

আমাদের মিলন হইয়াছে *। অতএব বিশ্বাসি ব্যক্তি বলিতে পারে, হে পরমেশ্বর, আমি তোমার ধন্যবাদ করি, যদ্যপি তুমি আমার প্রতি ক্রোধ করিয়াছিলা, তথাপি এখন তোমার ক্রোধ আমাহইতে ফিরিল ও তুমি আমাকে শান্ত করিতেছ। এই যে সম্মিলনের অনুগ্রহ, সে কি পর্য্যন্ত বহুমূল্য! যখন মিলনকর্ত্তা প্রভুর জন্ম হইয়াছিল, তখন বহু২ স্বর্গীয় দূত দর্শন দিয়া বলিল, সর্ব্বোপরিস্থ ঈশ্বরের মহিমা প্রকাশিত হউক, ও পৃথিবীর শান্তি ও মনুষ্যদের মঙ্গল হউক। খ্রীষ্টের অবতার ও মরণদ্বারা স্বর্গে ও পৃথিবীতে সন্ধিই হইল, কেবল তাহা নয়; কিন্তু মনুষ্যেতে ও ঈশ্বরেতে পরস্পর বন্ধুতা হইল, এই নিমিত্তে খ্রীষ্টেতে বিশ্বাসি পাপি লোকের প্রতি ঈশ্বর আর কোপ দৃষ্টি না করিয়া প্রসন্ন-বদন হইলেন।

৩। তৃতীয় ফল পোষ্যপুত্রত্ব প্রাপ্তি। আমরা সকলে স্বভাবতঃ ঈশ্বরীয় কোপের পাত্র হইয়াছি, কিন্তু খ্রীষ্টকে আশ্রয় করিলে ঈশ্বরের পোষ্যপুত্রের পদ পাই। ইহা স্পষ্ট রূপে লিখিত আছে, যথা, যত লোক তাঁহাকে গ্রাহ্য করিল, অর্থাৎ তাঁহার নামে বিশ্বাস করিল, তাহাদিগকে তিনি ঈশ্বরের পুত্র হওনের অধিকার দিলেন *। এ কি পর্য্যন্ত অনুগ্রহ! দেখ, পাপী ও দুরাচার যে আমরা, আমাদের কেবল পাপ ক্ষমাই হয়, এমন নয়, কিন্তু

* রোম ৫; ১।

* যোহন ১; ১২।

Digitized by Google

আমরা ঈশ্বরের পরিজনের মধ্যে গণ্যও হই। অতএব শাস্ত্রে বলে, দেখ, আমরা ঈশ্বরের পুত্ররূপে বিখ্যাত হইতেছি; ইহাতে পিতা আমাদিগকে কেমন প্রেম প্রদান করিয়াছেন। এবং যদি পুত্র হই, তবেই অধিকারীও হই, অর্থাৎ ঈশ্বরের বিষয়ের অধিকারী হই। ঈশ্বরের প্রিয় পাত্রদের জন্যে স্বর্গেতে যে এক অক্ষয় অধিকার আছে, তাহা তিনি উপযুক্ত কালে তাহাদের প্রত্যেক জনকে দিবেন। সে অধিকারকে তিনি অতি সুরক্ষিত স্থানে রাখিয়াছেন, এবং তাহারাও তাহার প্রাপ্তি পর্য্যন্ত প্রত্যয়দ্বারা ঈশ্বরের শক্তিতে রক্ষিত হইয়াছে।

৪। চতুর্থ ফল মনের পবিত্রতা। আমাদের অন্তঃকরণ পাপেতেই অশুদ্ধ হয়, এবং পাপ তাহাতে কর্তৃত্ব করে; কিন্তু খ্রীষ্ট তাহার কুভাবনা দমন করিয়া পাপকে জয়ী হইতে দেন না; অতএব খ্রীষ্টাশ্রিত লোক পাপহইতে খ্রীষ্টদ্বারা পবিত্র হয়। শাস্ত্রোক্ত এই, প্রভু যীশুর নামে পুণ্যবান গণিত হইয়া ঈশ্বরের আত্মাদ্বারা তোমরা ধৌত হইয়া পবিত্রীকৃত হইয়াছ। অহো আমাদের প্রভু বিচারকর্ত্তা, আমাদের পাপের জন্যে তিনি আপন প্রাণ পর্য্যন্ত দিলেন, ইহা পাপত্যাগের কেমন প্রবৃত্তি-দায়ী বিষয়।

৫। মৃত্যুর জয়, খ্রীষ্টের মরণের এক ফল হইয়াছে। কারণ এই রূপ শাস্ত্রেতে আছে, যথা, সন্তানেরা রক্তমাংস বিশিষ্ট হওয়াতে মৃত্যু শক্তির নিদান যে শয়তান, তাহাকে মৃত্যুদ্বারা দমন করিতে এবং মৃত্যুভয়েতে যাবজ্জীবন বন্ধন-

Digitized by Google

গ্রস্ত লোকদিগকে উদ্ধার করিতে খ্রীষ্টও তদ্রূপে রক্ত-মাংস বিশিষ্ট হইলেন। শয়তান মনুষ্যের আদিমাতা ও পিতাকে পাপেতে প্রবৃত্তি দিয়া মৃত্যুকে জগতে আনিলেন, এই কারণ তাহাকে মৃত্যুশক্তির নিদান বলা যায়। কিন্তু পাপ শক্তির নিদান খণ্ডনদ্বারা খ্রীষ্ট আমাদিগের শত্রুকে অস্ত্রশস্ত্রহীন করিলেন। তিনি নিজ মরণদ্বারা শয়তানকে পরাজয় করিয়া মৃত্যুর বিষদন্ত ভাঙ্গিলেন, তাহাতে মৃত্যুর ভয়ঙ্কর বদন স্বর্গীয় দূতের বদনের সমান হইল; অতএব খ্রীষ্টেতে শরণাপন্ন লোকেরা অন্তিমকালে এই দর্প কথা কহিতে পারে, হে মৃত্যু, তোমার হুল কোথায়? হে পরলোক তোমার জয় কোথায়? আমাদের প্রভু যীশু খ্রীষ্টদ্বারা যে ঈশ্বর আমাদিগকে জয়যুক্ত করেন, তাঁহারই ধন্যবাদ হউক।

৬। শেষফল অনন্ত সুখ। যাহারা খ্রীষ্টের মরণরূপ প্রায়শ্চিত্তে বিশ্বাস করে, তাহাদের আত্মা মরণান্তে স্বর্গে যাইবে। সেখানে দুঃখ, বেদনা, রোগ, মৃত্যু, কখনো হইবে না; বরং সকলে ঈশ্বরের সম্মুখে আহ্লাদে অনন্ত কাল ক্ষেপণ করিবে। মহাবিচারদিনে প্রভু যীশু খ্রীষ্ট তাহাদের মৃত শরীরের সকল পরমাণু একত্র করিয়া গাত্রোত্থান করাইবেন, এবং তাহাদের শরীরকে মর্য্যাদারূপ তেজোময় বস্ত্রেতে বেষ্টন করিয়া অক্ষয় স্বভাব দিবেন। অতএব তাহাদের আর ক্ষয় হইবে না, এবং ঐ শরীরেতে আত্মা প্রবেশ করিয়া অনন্ত সুখভোগ করিলে দুঃখের বশীভূত আর কখনো হইবে না। ঐ দিনে প্রভু যীশু খ্রীষ্ট তাহাদিগকে

Digitized by Google

বলিবেন, হে আমার পিতার অনুগ্রহ পাত্রেরা, তোমাদের জন্যে জগতের পত্তনাবধি যে রাজ্য প্রস্তুত করা গিয়াছে তাহার অধিকারী হও। পরমেশ্বরের মুক্ত লোকেরা ফিরিয়া জয়২ শব্দ করিতে সিয়োনে উত্তীর্ণ হইবে; এবং তাহাদের মস্তকে নিত্য আনন্দস্বরূপ মুকুট হইবে; তাহারা আনন্দ ও আহ্লাদ পাইবে, এবং শোক ও আর্ত্তস্বর দূরে পলায়ন করিবে।

খ্রীষ্টরূপ বৃক্ষেতে এমত সুখদ যে ফল পাওয়া যায়, আইস, তাহা গ্রহণ করিতে দিনে২ প্রার্থনাদ্বারা বিশ্বাস রূপ হস্তবিস্তার করিয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক ঈশ্বরের সেবাতে কাল যাপন করি।

---

৬ ষষ্ঠ ধ্যান।

যোহন ১৯; ৩৪-৩৬।

এক জন সেনা বড়শাঘাতে তাঁহার কুক্ষিদেশ বিদ্ধিলে তৎক্ষণাৎ তাহাহইতে রক্ত এবং জল নির্গত হইল। যে ব্যক্তি ইহার সাক্ষ্য দিতেছে, সে আপনি দেখিয়াছে, ও তাহার এই সাক্ষ্য সত্য; আর তাহার কথা সত্য ও তোমাদের বিশ্বাস জন্মাইবার যোগ্য, তাহা সে জ্ঞাত আছে।

পৃথিবীর মধ্যে সকল ঘটনাহইতে প্রভু যীশু খ্রীষ্টের মরণ ভারি ও আশ্চর্য্য, অতএব তাঁহাতে সংলগ্ন প্রত্যেক বিষয় আমাদের মনোযোগের যোগ্য; কেননা

Digitized by Google

তাঁহার প্রতি যে সকল ঘটিয়াছে, তাহা আমাদের মঙ্গলের নিমিত্তে হইল। যে অধ্যায়হইতে উপরের লিখিত কথা উঠান যায়, তাহাতে তাঁহার মরণের বিবরণ লেখা আছে। আমি মেষপালককে প্রহার করিব, তাহাতে পালের মেষ সকল ছিন্ন ভিন্ন হইয়া যাইবে, পরমেশ্বরের এই ভবিষ্যৎকথানুসারে প্রভু যীশু খ্রীষ্ট হত হইলেন। সেই সময়ে তাঁহার সকল শিষ্য ভীত হইয়া পলাইল, কিন্তু যোহন তাঁহার ক্রুশীয় মৃত্যুর অকথ্য যন্ত্রণার সাক্ষী হইয়া তাঁহার নিকটে দাঁড়াইলেন, এবং তাঁহার কুক্ষিদেশ বিদ্ধ হওনের বিবরণ ও অন্য ২ যন্ত্রণার নির্ণয় এই সকলের লেখক হইল। এবং এই সকলের অভিপ্রায় যেন আমাদের বিশ্বাস হয়। এইক্ষণে আমরা খ্রীষ্টের ক্রুশীয় মৃত্যুর বিবরণ, আর সেই মৃত্যুর বিষয়ে যোহনের সাক্ষ্য, এবং তাহার ফল বিবেচনা করি।

প্রথমে খ্রীষ্টের কুক্ষিদেশ বিদ্ধ হওয়াতে আমাদের প্রতি তাঁহার প্রেম প্রকাশ পাইল।

তিনি কেন নির্দ্দয় লোকের দৌরাত্ম্যেতে ও ঈর্ষ্যাতে আপনার ধন্য শরীর সমর্পণ করিলেন? আপনাকে রক্ষা করিতে কি তাঁহার শক্তি ছিল না? তাহা নয়, কেননা তাঁহার এক কথাতেই তাবৎ শত্রুদল একেবারে নষ্ট হইতে পারিত, এবং শত্রুর যে বাহু তাঁহাকে বিঁধিতে বিস্তারিত হইল, তাহা তিনি এক নিমিষে শুষ্ক করিতে পারিতেন; কিন্তু তাহা হইলে ধর্ম্মগ্রন্থ সকল কিসে

Digitized by Google

পূর্ণ হইত? আরও দেখ, তিনি এ সকল সহিলেন কেন? কেবল আমাদের উপকারের জন্যে। আমরা যেন তাঁহার অন্তঃকরণকে দেখিতে পাই, এই নিমিত্তে তিনি আপনার শরীর বিঁধিতে দিলেন, অতএব আইস দেখি, সেই অন্তঃকরণ পাপি লোকদের প্রতি কত দয়াতে ও প্রেমেতে পরিপূর্ণ! তাহার সীমা নাই। আমাদের জন্যে যেন ইহকালে দয়ার দ্বার ও পরকালে অনন্ত জীবনের কপাট খোলা যায়, এই নিমিত্তে তাঁহার কোঁক খোলা গেল। অতএব এই বিবরণেতে বুঝা যায়, যে আগে আমাদের প্রতি তাঁহার অন্তঃকরণ প্রেমেতে পুনঃপুনঃ বিদ্ধ ছিল, নতুবা সেনার বড়শাতে কখন বিদ্ধ হইত না। আর তাঁহার প্রেম তাঁহাকে স্বর্গহইতে পৃথিবীতে আনিল, এবং তাঁহাকে বধের স্থানে বহিয়া লইয়া গেল, সেই স্থানে তাঁহার হাত ও পা লৌহের প্রেকদ্বারা বিদ্ধ হইল। পরে বড়শাদ্বারা তাঁহার কুক্ষিদেশ বিদ্ধ হইল, তাহাতে রক্ত ও জল নির্গত হইল।

দ্বিতীয়, তাঁহার কুক্ষিদেশ বিদ্ধ হওয়াতে দয়ার উনুই খোলা আছে, ইহা আমরা স্পষ্ট রূপে দেখিতে পাই।

প্রভু যীশু খ্রীষ্ট আমাদের প্রতিনিধি হইয়া ঈশ্বরের ব্যবস্থা পালন করিতে ও আমাদিগকে পবিত্র করিতে আইলেন। ক্রুশের উপরে বিদ্ধ তাঁহার কুক্ষিদেশহইতে নির্গত রক্ত ও জল এই দুয়েতে বুঝা যায়, যে রক্তেতে তাঁহার প্রাণত্যাগ পূর্ব্বক প্রায়শ্চিত্ত পূর্ণ হইল, এবং জলেতে পবিত্র আত্মাকর্ত্তৃক আমাদের অন্তঃকরণ প্রক্ষা-

Digitized by Google

লন হয়। এই জন্যে ধর্ম্মশাস্ত্রে তাঁহার বিষয়ে এই কথা লেখা আছে, যে তিনি জল ও রক্তের সহিত আইলেন; জল পবিত্র করিবার জন্যে, রক্ত প্রায়শ্চিত্ত সিদ্ধ করিবার জন্যে ছিল। পরমব্রহ্মের স্থির আজ্ঞা এই, যে রক্তপাত ব্যতিরেকে পাপক্ষমা হয় না; অতএব পাপ দূর করিতে বৃষ ও ছাগলের রক্তে অসাধ্য হইলে আপনি মানব দেহ ধারণ করিয়া বলিরূপে আপনার নিষ্পাপ শরীর উৎসর্গ করাতে পাপকে দূর করিলেন। অপর 'সেই দিনেতে পাপ ও অপবিত্রতার নাশের জন্যে এক উনুই খোলা যাইবে,' এই যে ভবিষ্যদ্বাণী ঈশ্বর পূর্ব্বে বলিয়াছিলেন, যখন তাঁহার পাঁজরা বিদ্ধ হইল, তখন তাহা সিদ্ধ হইল; কেননা প্রভু যীশু খ্রীষ্টের রক্ত আমাদিগকে সকল পাপহইতে পরিষ্কার করে। অতএব যাহারা স্বর্গে যায়, তাহাদের সকলের এই বহুমূল্য রক্তের উনুইতে ধৌত হওনের আবশ্যক আছে। ধর্ম্মশাস্ত্রের গ্রন্থকর্ত্তা যোহন্ ঈশ্বরের অনুগ্রহেতে স্বর্গীয় ঐশ্বর্য্যের দর্শন পাইয়া শুক্ল বস্ত্র পরিহিত ও তালপত্র হস্তে সিংহাসনের নিকটে দণ্ডায়মান পরিত্রাণ প্রাপ্ত লোকসমূহকে দেখিয়া যখন জিজ্ঞাসা করিল, ইহারা কে? ও কোথাহইতে আসিয়াছে? তখন স্বর্গনিবাসি এক জন উত্তর দিল, ইহারা মহাক্লেশহইতে উত্তীর্ণ হইয়া মেষশাবকের রক্তে আপন২ বস্ত্র ধৌত করণ পূর্ব্বক শুক্লবর্ণ করিয়া আসিয়াছে; এই জন্যে ঈশ্বরের সিংহাসনের সম্মুখে থাকিয়া দিবারাত্রি তাঁহার মন্দিরে তাঁহার সেবা

Digitized by Google

করে; এবং আসনোপবিষ্ট ব্যক্তি ইহাদের মধ্যে বাস করেন *।

আরও দেখ, খ্রীষ্টের কুক্ষিদেশহইতে নির্গত জল অমৃত জলরূপ পবিত্র আত্মাকে বুঝায়; কেননা সামান্য জল যেমন শরীরকে পরিষ্কার ও শীতল করে, সেই মত পবিত্র আত্মা খ্রীষ্টের সেবকদিগকে অন্তঃকরণের পবিত্রতা ও অনন্ত সান্ত্বনা দেন। এই কারণ খ্রীষ্ট যখন ভূমণ্ডলে ছিলেন, তখন বলিয়াছিলেন, যে কেহ আমাতে বিশ্বাস করে, সে কখন সাংসারিক সুখের জন্যে তৃষ্ণিত হইবে না, কারণ আমি যে জল তাহাকে দিব, সেই জল তাহার অন্তরে উনুইস্বরূপ হইয়া অনন্ত পরমায়ু পর্য্যন্ত উথলিয়া উঠিবে, এই কথা তিনি পবিত্র আত্মার বিষয়ে কহিলেন।

সপ্তম ধ্যান।

রোমীয় ৮; ৩৪।

আমাদের দণ্ড প্রদানের আজ্ঞাই কে দিবে? যিনি আমাদের জন্যে প্রাণত্যাগ করিলেন তাহা কেবল নয়, কিন্তু কবরহইতে উত্থান করিয়া ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে থাকিয়া অদ্যাপি আমাদের জন্যে সাধনা করেন, কি সেই খ্রীষ্ট দিবেন?

এই কথার মধ্যে খ্রীষ্টীয়ান লোকের পরম মঙ্গল দেখা যায়। যিনি আমাদের কারণ রক্তপাত করিয়া ক্রুশের উপরে আপনার প্রাণত্যাগ করিলেন, তিনি এই

* প্রকাশ ৭; ১৪।

Digitized by Google

ক্ষণে ঈশ্বরের দক্ষিণে বসিয়া আমাদের উকিলতা করিতেছেন। তবে দেখ, তিনি যদি ঈশ্বরের দক্ষিণে বসিয়া আছেন, তবে বোধ হয় যে তিনি আপন সুখ ও মর্য্যাদা ভোগ করিবার নিমিত্তে সেখানে আছেন। কিন্তু তিনি ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে থাকিয়া অদ্যাপি আমাদের নিমিত্তে সাধনা করিতেছেন, এই শাস্ত্রীয় বচনদ্বারা আমাদের প্রতি তাঁহার বড় অনুগ্রহ আছে, তাহা জানা যায়। তিনি অত্যন্ত উচ্চ পদস্থ হইলেও পৃথিবীস্থ আপনার প্রিয় পাত্রদিগকে ভুলেন না, বরং ঈশ্বরের কাছে তাহাদের মধ্যস্থ হইয়াছেন। যেমন পূর্ব্বকালে যিহূদীয় লোকেরা বলিদানের রক্ত লইয়া যজ্ঞবেদির চতুর্দ্দিকে ছিটাইত, তেমনি তিনিও ছাগলের রক্ত না ছিটাইয়া আপনার রক্তপাত করিয়া স্বর্গে যাইয়া তাহার গুণ প্রকাশ করিতেছেন। দেখ, আমাদের প্রধান যাজক প্রভু যীশু খ্রীষ্ট আমাদের কারণ পিতার নিকটে আপনার রক্তের কি গুণ তাহা নিবেদন করিতেছেন। তিনি যে সকল আশীর্ব্বাদ রূপ পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, সেই সকলেতে যেন আপনার প্রিয় পাত্রদের অধিকার হয়, এই নিমিত্তে পিতার কাছে এই রূপে কাকুতি বিনতি করিতেছেন, হে পিতঃ, জগতের সকল পাপ ও বিপদ-হইতে তাহাদিগকে রক্ষা করিয়া শেষে স্বনিকটে আন। তিনি যখন এই পৃথিবীতে ছিলেন, তখন এই নিবেদন করিলেন, হে পিতঃ, জগৎপত্তনের পূর্ব্বে আমাকে স্নেহ করিয়া যে মহিমা দিয়াছ, আমার সেই মহিমা যেন

Digitized by Google

তাহারা দেখিতে পায়, এই জন্যে যে সকল লোক আমাকে দিয়াছ, আমি যে স্থানে থাকি, তাহারাও যেন আমার সহিত সেই স্থানে থাকে, এই আমার বাঞ্ছা *। এবং তিনি অবশ্য এক্ষণেও স্বর্গেতে থাকিয়া এই নিবেদন করিতেছেন। অধিকন্তু শয়তান ও দুষ্ট লোকেরা তাঁহার অনুগ্রহ পাত্রদিগকে যে সকল অপবাদ দেয়, তাহার উত্তর দিতে তিনি স্বর্গে নিযুক্ত আছেন; অতএব তিনি তাহাদের পরিবাদ ঘুচাইতে পারেন।

তবে হে প্রিয় বন্ধুরা, খ্রীষ্টের উত্তরসাধকতা কেমন শান্তিদায়ক! দেখ, পাপের জন্যে যে সকল নেত্রজল তোমাদের নেত্রহইতে বাহির হয়, তাহা তিনি আপন শিষির মধ্যে রাখেন; তোমাদের ক্লেশ ও দুঃখ ইত্যাদি তিনি স্মরণে রাখেন। তবে আইস, আমরা সেই দয়ালু ত্রাণকর্ত্তার অসংখ্য করুণার বিষয় বিবেচনা করি। যদি তিনি আমাদের বিচারেতে মনোযোগ না করিতেন, তবে আমাদের পরাজয় হইত। তাহাতে আমাদের কি পর্য্যন্ত ভয়ানক দুর্দ্দশা হইত! কিন্তু ধন্য তাঁহার নাম; তিনি আমাদিগকে নিত্য স্মরণ করিতেছেন, এবং অবশেষে আমাদিগকে সকল শত্রুর উপরে জয়ী করিতে প্রস্তুত আছেন। অতএব আইস, আমরা তাঁহার প্রতিপালনেতে ও কর্তৃত্বে আপনাদিগকে সমর্পিত করি, তাহাতে তিনি শাস্ত্রীয় প্রতিজ্ঞানুসারে আপন উপদেশদ্বারা আমাদিগকে লইয়া গিয়া

* যোহন ১৭; ২৪।

Digitized by Google

শেষে বৈভবে গ্রহণ করিবেন। হে ধন্য যীশু, এই মত হউক্, আমেন।

অষ্টম ধ্যান।

প্রেরিতদের ক্রিয়া ৫; ৩১।

ঈশ্বর তাঁহাকে উত্থিত করিয়া ইস্রায়েলের বংশদিগের মনঃপরিবর্ত্তন ও পাপক্ষমা করিতে রাজা ও পরিত্রাণকর্ত্তা করিয়া আপন দক্ষিণ পার্শ্বে তাঁহার উন্নতি করিয়াছেন।

আমাদের ত্রাণকর্ত্তার দণ্ডভোগের দশাহইতে তাঁহার স্বর্গে উন্নতি কি পর্য্যন্ত আশ্চর্য্য! দেখ, তিনি যে দুঃখ ভোগ করিলেন, তাহাই তাঁহার গৌরবের মূল হইয়াছে; তাঁহার ক্রুশীয় মৃত্যু লজ্জাকর ছিল বটে, কিন্তু তিনি তাহাদ্বারা সেই লজ্জাহইতে অধিক মর্য্যাদাকর জয়যুক্ত এক মুকুট পাইলেন। তিনি ক্রুশেতে দুর্ব্বল হইয়া হত হইয়াছিলেন বটে, কিন্তু এই ক্ষণে তাঁহার স্থানে ত্রিভুবনের শাসনপদ গচ্ছিত হইয়াছে। দেখ, ঘুষা মারাতে ও থুথু দেওয়াতে তাঁহার মুখ বিবর্ণ হইল; লোক লাঙ্গলের ন্যায় কোড়ার দ্বারা তাঁহার পৃষ্ঠে লম্বা চাস চসিল; কাঁটাতে তাঁহার মস্তক বিঁধা গেল, কিন্তু এই ক্ষণে তিনি ধর্ম্মস্বরূপ তেজেতে মধ্যাহ্ন সূর্য্যের ন্যায় প্রকাশমান আছেন। সৈন্যেরা তাঁহাকে পরিহাস করিয়া ক্রুশেতে প্রেকদ্বারা বিদ্ধ করিয়াছিল বটে, কিন্তু সংপ্রতি স্বর্গনিবাসি সকলে তাঁহার নাম শুনিয়া তাঁহাকে সর্ব্বপ্রধান ঈশ্বর এবং সচ্চিদানন্দ জানিয়া তাঁহাকে

Digitized by Google

অষ্টাঙ্গে প্রণাম করে। পূর্ব্বসময়ে তিনি পাপের জন্যে ক্রুশের উপরে মস্তক নোঁয়াইয়া প্রাণ ত্যাগ করিলেন, কিন্তু এখন তিনি স্বয়ৎজীবী হইয়া আছেন। তিনি আর কাঁটাতে বিদ্ধ হইবেন না, এবং লজ্জাযুক্ত হইবেন না, আর তাঁহাকে স্বর্গের ও মর্ত্তের রাজা জানিয়া তাঁহার সম্মুখে হাঁটু পাতিয়া কেহ পরিহাস করিতে পারিবে না। তিনি আমাদের পরিত্রাণের জন্যে এই সকল দুঃখ ও লজ্জা অম্লান বদনে সহিয়াছেন, কিন্তু তাঁহার সেই সকল দুঃখের স্থানে সৎপ্রতি অনন্ত সুখ হইয়াছে, এবং ত্রিভুবনের রাজদণ্ড তাঁহার হস্তে সমর্পিত হইয়াছে. এবং যাবৎ সকল শত্রুকে আপন পদতলে দলিত না করিবেন তাবৎ তাঁহাকে রাজত্ব করিতে হইবে *।

খ্রীষ্টের প্রত্যেক প্রকৃত শিষ্য পূর্ব্ব লিখিত বচন বিবেচনা করিয়া ইহা বলুক, যে অহো, আমার আহ্লাদ করিবার কত বড় কারণ! দেখ দেখি, আমার প্রভুর এত পর্য্যন্ত মর্য্যাদা এবং এত উচ্চপদ আছে। তিনি যদি আমার স্বপক্ষ হন, তবে আমার বিপক্ষ কে? এবং তিনি যদি আমার বিচারের ভার লয়েন, তবে কে আমার অপকার করিতে পারে? নরকের সকল ভূত এবং পৃথিবীর সকল শত্রু কে, যে আমি তাহাদিগকে ভয় করি? হে আমার আত্মা, প্রভুতে এবং তাঁহার পরাক্রমেতে বলবান্ হও, কেননা প্রভু সকল শত্রুর উপরে জয়ী হওনার্থে আমাদিগকে অধিক প্রবল করিবেন।

* ১ করিন্থীয় ১৫ ; ২৫।

Digitized by Google

তিনি আমাদিগকে কখন ছাড়িয়া যাইবেন না, কিন্তু তিনি আমাদিগকে পৃথিবীর সকল ক্লেশ ও দুঃখ হইতে আকর্ষণ করিয়া অনন্তকাল স্থায়ি ও অপরিমিত সুখেতে সমর্পিত করিবেন। অতএব তাঁহার নাম ধন্য হউক্, এবং স্বর্গস্থ ও পৃথিবীস্থ সকলে তাঁহার ভজনা করুক্।

নবম ধ্যান।

প্রকাশিত, ২২ : ২০।

"প্রভু যীশু, আইস; প্রভু যীশু, শাঘ্র আইস, ।"

সাধু লোকদের প্রতি এই জগৎ কেমন ক্লেশদায়ক! দেখ, পাপ ও দুঃখ তাহাদিগকে পুনঃ২ বেষ্টন করে; কিন্তু পরমেশ্বর আপনার মিষ্ট বাক্যদ্বারা তাহাদিগকে স্নিগ্ধ করেন। পরন্তু এই জগৎ সামান্য রূপে তাহাদের খেদজনক, কেননা বিস্তর পাপির সহিত তাহাদের বাস, তাহাতে বিস্তর খেদজনক দর্শন ও শ্রবণ হয়। কিন্তু ধন্য প্রভু যীশু খ্রীষ্ট, যে তিনি তাহাদের জন্যে অত্যন্ত সুখদায়ক ও অনন্ত কালস্থায়ি স্থান প্রস্তুত করিয়াছেন, এবং সেই স্থান তাহাদের সকলকে দিতে অঙ্গীকার করিয়াছেন, তন্নিমিত্তে তাহারা দায়ূদের মত কহে, আহা যদি ঘুঘুর ন্যায় আমার পাখা হইত, তবে উড়িয়া গিয়া বসতি করিতাম। আর সেই স্থানের প্রতি দৃষ্টিপাত করিতে, ও অবশেষে তাহা ভোগ করিবার নিমিত্তে অনবরত যত্ন করিতে, এই মত প্রবৃত্তি তাহাদিগকে ঈশ্বর দেন। অপর তাহারা পাপের ভার ও বল জানিয়া

Digitized by Google

বলে, আমাদের যদি পক্ষ থাকিত, তবে আমরা প্রচণ্ড বাতাস ও ঝড়হইতে শীঘ্র করিয়া পলাইতাম, অর্থাৎ এই ক্লেশদায়ক জগৎহইতে উড়িয়া প্রিয় ত্রাণকর্ত্তার ক্রোড়ে যাইতাম। অতএব তাহারা এমতও কহে, হে ঈশ্বর, আমাদের পিপাসিত আত্মা সাংসারিক বিষয়াদি ত্যাগ করিয়া তোমার ধর্ম্মময় পাখার নীচে যেখানে অনন্ত সুখ পাওয়া যায়, সেই খানে যাইতে যেমন ইচ্ছা করে,তেমন কোন পথিক প্রচণ্ড রৌদ্র প্রযুক্ত আশ্রয়ের নিমিত্তে যত্নবান্ হয় না। এই রূপে খ্রীষ্টের আশ্রিত যে লোক সে অন্তঃকরণে পুনঃং বলে, যে হে প্রিয় প্রভো,আমার ক্লিষ্ট আত্মা তোমার ক্রোড়ে কবে বিশ্রাম পাইবে? হে ত্রাণকর্ত্তা, তোমার শক্তিরূপ গড়ের মধ্যে আমাকে লুক্কায়িত কর। পাপের প্রায়শ্চিত্ত সিদ্ধার্থ তোমার অমূল্য প্রাণ দেওয়াতে আমার আত্মা সংরক্ষিত হউক্। প্রত্যয় রূপ পাখা আমাকে দেও, যেন তোমার ব্যবস্থা লঙ্ঘনের প্রচণ্ড দণ্ডহইতে তোমার এই ধন্য উপায়ের আশ্রয়ে পলাইতে পারি; এবং যখন মৃত্তিকার গৃহস্বরূপ আমার এই শরীর ভগ্ন হইয়া ধূলাতে মিশ্রিত হইবে, তখন আমার দেহহীন আত্মা যে অনন্ত সুখেতে তুমি বাস কর, সেখানে প্রেমরূপ পাখাতে উড়িয়া যাইবে, এবং তোমার ধন্য ছায়াতে বসিয়া একেবারে সকল প্রকার পাপ ও দুঃখকে অশেষ রূপে বিদায় দিবে। ওহে দয়ালু প্রভো, তোমার সঙ্গে সাক্ষাৎ করিতে আমাকে প্রস্তুত কর, এবং আমার অপবিত্র বস্ত্র খসাইয়া তোমার

Digitized by Google

নিষ্কলঙ্ক ও যাথার্থিক বস্ত্রেতে আমাকে শোভান্বিত কর, এবং তৎকালে তোমার আগমন যেন শীঘ্র হয়। আমার আত্মার প্রতি তোমার কথা মিষ্ট, তোমার নাম মিষ্ট, তোমার মণ্ডলীর নিয়ম সকল মিষ্ট; কিন্তু যখন তুমি স্বর্গহইতে নামিয়া আপনার অনন্ত সুখে আমাকে প্রবিষ্ট করাইবা, তখন আরও অধিক মিষ্ট ফল পাওয়া যাইবে, কেননা সেখানে তুমি বাস করিতেছ। এই ভবিষ্যৎ সুখের প্রত্যাশাতে আমার আত্মা উচ্চৈঃস্বর করিয়া বলে, হে আমার প্রিয় ত্রাণকর্ত্তা, তোমার রথের চক্র কেন এত বিলম্ব করে? আইস, প্রভু যীশু; শীঘ্র আইস, প্রভু; তোমার ধর্ম্মময় পর্ব্বতে আমাকে আরোহণ করাও।

Digitized by Google

Digitized by Google

Digitized by Google

Digitized by Google

Digitized by Google

Digitized by Google

Digitized by Google
Buchbinderei
R. Wawrzyniak

Digitized by Google